# Daily Monitoring Report

**Directorate of Monitoring**
**Bangladesh Betar, Dhaka**
e-mail: dmr.dm@betar.gov.bd

বাংলাদেশ বেতার

Boishakh 08, 1431 Bangla, April 21, 2024, Sunday, No. 112, 54th year

# H I G H L I G H T S

PM Sheikh Hasina says, she wants the country's children to develop themselves as worthy citizens through sports, physical exercise and cultural activities alongside studies - directs all concerned to ensure participation of children in domestic and other sports. (Jago FM: 16)

Criticizing BNP, AL GS Obaidul Quader has said the party has lost its political identity and has now become a terrorist group. (R. Today: 14)

Civil Aviation Minister Md Farooq Khan directs Biman Bangladesh Airlines authorities to talk to the plane manufacturer company Boeing regarding the technical defects of the Dreamliner-787 model aircraft. (Jago FM: 18)

State Minister for Information and Broadcasting Mohammad Ali Arafat says, since it is not possible to stop disinformation by blocking the voice of the media, govt. is working on making policies to prevent it. (R. Today: 16)

BNP SG Mirza Fakhrul Islam alleges that AL has become more violent after seizing power through dummy election. (Jago FM: 20)

JP Chairman GM Quader has said that despite his reluctance, he decided to participate in the last national election for the sake of the party. (DW: 12)

Highest temperature of 2024 till date in the country has been recorded at 42.6 C in Jessore. Three people have died from heat stroke forcing authorities to close all schools, madrasas and colleges till April 27. (VOA: 08; DW: 13)

G7 foreign ministers stress the need for voluntary, safe, dignified and permanent repatriation of all Rohingya refugees and to create an environment of justice and accountability for atrocities committed against them. (VOA: 09)

Buet Alumni Association President Dr Ainun Nishat has said abusive student politics is not acceptable; adds, unfortunately, student politics has turned to be a profitable profession now. (VOA: 10)

A total of 438 people were killed and 1,424 injured in accidents during the Eid holidays across the country on roads, railways and water routes. (R. Today: 15)

The suspension of bandwidth supply from the second submarine cable has disrupted internet service in the country from the early hours of Saturday. (Jago FM: 20)

**দৈনিক মনিটরিং রিপোর্ট**
**মনিটরিং পরিদপ্তর, বাংলাদেশ বেতার, ঢাকা**
**বৈশাখ ০৮, বাংলা ১৪৩১, এপ্রিল ২১, ২০২৪, রবিবার, নং- ১১২, ৫৪তম বছর**

# শিরোনাম

প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, ছেলেমেয়েরা লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা, শরীরচর্চা, সাংস্কৃতিক চর্চার মধ্য দিয়ে উপযুক্ত নাগরিক হিসেবে গড়ে উঠবে; দেশীয় ও অন্যান্য খেলাধুলায় ছেলেমেয়েদের আংশগ্রহণ নিশ্চিত করতে ও সমানভাবে সুযোগ দিতে সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান। (জাগো এফএম: ১৬)

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের বিএনপির সমালোচনা করে বলেছেন, বিএনপি রাজনৈতিক পরিচয় হারিয়ে এখন একটা সন্ত্রাসী দলে পরিণত হয়েছে। (রে. টুডে: ১৪)

ড্রিমলাইনার-৭৮৭ মডেলের উড়োজাহাজের কারিগরি ত্রুটির বিষয়ে প্লেন প্রস্তুতকারক কোম্পানি বোয়িংয়ের সঙ্গে কথা বলতে বাংলাদেশ বিমান কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন বেসামরিক বিমান পরিবহন মন্ত্রী মুহাম্মদ ফারুক খান। (জাগো এফএম: ১৮)

তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত বলেছেন, গণমাধ্যমের কণ্ঠ রোধ করে অপতথ্য রোধ করা সম্ভব নয়, তাই অপতথ্য রোধ করতে একটি স্বচ্ছ প্রক্রিয়ায় নীতিমালা তৈরিতে সরকার কাজ করছে। (রে. টুডে: ১৬)

ডামি নির্বাচনের মাধ্যমে ক্ষমতা দখল করে আওয়ামী শাসকগোষ্ঠী এখন আরো তীব্রমাত্রায় হিংস্র হয়ে উঠেছে বলে অভিযোগ করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। (জাগো এফএম: ২০)

অনিচ্ছা সত্ত্বেও দলের স্বার্থে সবশেষ জাতীয় নির্বাচনে অংশ নেয়ার সিদ্ধান্ত নিয়েছিলেন বলে উল্লেখ করেছেন জাতীয় পার্টির চেয়ারম্যান জি এম কাদের। (ডয়েচে ভেলে: ১২)

চলতি বছর দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৪২.৬° সেলসিয়াস রেকর্ড করা হয়েছে যশোরে। হিট স্টোকে ৩ জনের মৃত্যু; আগামী ২৭ এপ্রিল পর্যন্ত দেশের সব স্কুল, কলেজ, মাদরাসা ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখার সিদ্ধান্ত । (ভোয়া: ০৮; ডয়েচে ভেলে: ১৩)

সকল রোহিঙ্গা শরণার্থী ও বাস্তুচ্যুত ব্যক্তিদের স্বেচ্ছায়, নিরাপদে, মর্যাদার সঙ্গে ও স্থায়ী প্রত্যাবাসন এবং রোহিঙ্গা ও অন্যান্য জাতিগোষ্ঠীর বিরুদ্ধে সংঘটিত নৃশংসতার জন্য ন্যায়বিচার ও জবাবদিহির পরিবেশ সৃষ্টির প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেছেন জি-৭ দেশগুলোর পররাষ্ট্রমন্ত্রীরা। (ভোয়া: ০৯)

বুয়েট অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি ড. আইনুন নিশাত বলেছেন, ছাত্ররা লেজুড়বৃত্তির রাজনীতি করবে এটা গ্রহণযোগ্য নয়। তিনি আরো বলেন, ছাত্র রাজনীতি এখন লাভজনক পেশায় পরিণত হয়েছে। (ভোয়া: ১০)

এবার ইদুল ফিতরে সড়ক, রেল ও নৌ পথে সর্বমোট ৪১৯টি দুর্ঘটনায় ৪৩৮ জন নিহত ও ১ হাজার ৪২৪ জন আহত হয়েছেন। (রে. টুডে: ১৫)

দেশের দ্বিতীয় সাবমেরিন ক্যাবল, সিমিউই-৫ এর সংযোগ সরবরাহ বন্ধ রয়েছে; এতে ইন্টারনেট সেবা ব্যাহত হচ্ছে। (জাগো এফএম: ২০)

# বিবিসি

## সড়ক দুর্ঘটনায় প্রাণ ঝরছেই, যেন দেখার কেউ নেই

এবারের ঈদুল ফিতরের ছুটি শুরু হওয়ার পর থেকে এ পর্যন্ত অর্থাৎ ৪ঠা এপ্রিল থেকে ১৭ই এপ্রিল পর্যন্ত প্রায় তিনশ সড়ক দুর্ঘটনা ঘটেছে। এতে নিহত হয়েছেন অন্তত ৩৫০ জন। আহত হয়েছেন ১৩শ জনেরও বেশি। বেসরকারি সংস্থা যাত্রী কল্যাণ সমিতির হিসেবে এই তথ্য উঠে এসেছে। এসব দুর্ঘটনার বেশিরভাগই ঘটেছে মহাসড়কে। এর মধ্যে উল্লেখযোগ্য হল ফরিদপুরের কানাইপুরে বাস ও পিক-আপের ধাক্কায় ১৫ জন নিহতের ঘটনা। এছাড়া ঝালকাঠির গাবখান সেতুর টোল প্লাজায় একটি সিমেন্টবাহী ট্রাক কয়েকটি গাড়িকে পিষে দেয়ায় ১৪ জন নিহতের ঘটনাও সড়ক নিরাপত্তার বিষয়টিকে সামনে এসেছে। যাত্রী কল্যাণ সমিতির তথ্য বলছে, ঈদ বা বড় কোনো উৎসবে ছুটির সময় মহাসড়ক ধরে বিভিন্ন জেলায় মানুষের চলাচল বেড়ে যায়। তখন এ ধরণের দুর্ঘটনার খবর বেশি পাওয়া যায়।

গত এক দশকে মহাসড়কে অবকাঠামোগত উন্নয়ন হলেও সে তুলনায় নিরাপত্তা নিশ্চিত হয়নি। এর পেছনে চালকদের বেপরোয়া ও অনিয়ন্ত্রিত গতিতে গাড়ি চালানো, ত্রুটিপূর্ণ যানবাহন, আইনের প্রয়োগের অভাবসহ বছরের পর বছর এই খাতে পাঁচটি মূল সমস্যাকে দায়ী করছেন সড়ক পরিবহন বিশেষজ্ঞরা। বাংলাদেশের মহাসড়কে যাত্রী পরিবহনে ব্যাটারিচালিত অটোরিকশা, ইজি-বাইক, নসিমন-করিমন, ভটভটির মতো বহুমাত্রিক যানবাহন চলাচল করে। এমনকি পণ্যবাহী গাড়িতেও যাত্রী তোলা হচ্ছে অহরহ যা উৎসবের সময় আরও বেড়ে যায়। মহাসড়কে নিষেধাজ্ঞা অমান্য করে, অবৈধভাবে চলাচলকারী এসব যানবাহনের চলাচল দুর্ঘটনার অন্যতম বড় কারণ বলছেন বিশেষজ্ঞরা।

যাত্রী কল্যাণ সমিতির মহাসচিব মোজাম্মেল হক চৌধুরী জানান, ঈদের সময় দূরপাল্লার পরিবহনের ভাড়া বাড়িয়ে দেয়ার কারণে স্বল্প আয়ের মানুষেরা বাড়ি যেতে এই ঝুঁকিপূর্ণ বিকল্প পরিবহনগুলো বেছে নেন। অথচ এ ধরণের নিষিদ্ধ ও অবৈধ যান চলাচল নিয়ন্ত্রণে বিআরটিএর নিজস্ব কোনো জনশক্তি নেই। এই দায়িত্ব হাইওয়ে পুলিশের হলেও এ নিয়ে তাদের তৎপরতা নিয়েও আছে প্রশ্ন। নিষেধাজ্ঞা সত্ত্বেও কিভাবে মহাসড়কে স্বল্পগতির এসব যানবাহন চলাচল করছে এমন প্রশ্নের জবাবে হাইওয়ে পুলিশের অতিরিক্ত মহাপরিদর্শক শাহবুদ্দিন খান বলেছেন, সড়ককে ব্যবস্থাপনায় আনার দায়িত্ব শুধু হাইওয়ে পুলিশের নয়। এক্ষেত্রে আরও যেসব অংশীদার আছে তাদের সাথে সমন্বয় করাটাই বড় চ্যালেঞ্জ হয়ে দাঁড়িয়েছে বলে তিনি জানান।

বুয়েটের এক পরিসংখ্যানে দেখা গেছে, ব্যাটারিচালিত যানবাহনের সংখ্যা প্রায় ৫০ লাখ। বিআরটিএ আইনে মহাসড়কে এ ধরণের ধীরগতির যানবাহন চলা নিষিদ্ধ। মহাসড়কে থ্রি-হুইলার নিষিদ্ধে ২০১৪ ও ২০১৭ সালে হাইকোর্টের নির্দেশনা দেয়। সড়ক বিভাগ ২০১৫ সালে এক প্রজ্ঞাপনের মাধ্যমে মহাসড়কে এ ধরণের যানবাহন চলাচল নিষিদ্ধ করা হলেও অনুমোদন ছাড়াই মহাসড়কে চলছে। নগর-মহানগরগুলোতে ট্রাফিক বিভাগ এগুলো দেখভাল করলেও আঞ্চলিক ও জাতীয় মহাসড়কে কেউ তাদের জিজ্ঞাসা করে বলে মনে হয় না।

এছাড়া মহাসড়কের দুই পাশে হাটবাজার বসিয়ে অনেকটা পরিকল্পিতভাবেই এই হালকা যান চলাচলের সুযোগ করে দেয়া হচ্ছে বলে পরিবহন বিশেষজ্ঞরা অভিযোগ করেন। তবে স্বল্প আয়ের মানুষদের চলাচলের ক্ষেত্রে এই থ্রি হুইলারগুলো সহজলভ্য ও অল্প ভাড়ার বাহন হয়ে ওঠায় এগুলো পুরোপুরি উঠিয়ে দেয়াও সম্ভব হচ্ছে না। এক্ষেত্রে প্রতিটি মহাসড়কের পাশে সার্ভিস রোড নির্মাণের ওপর জোর দিয়েছেন সড়ক নিরাপত্তা বিশেষজ্ঞরা। এরিমধ্যে কয়েকটি মহাসড়কে সার্ভিস রোড তৈরি হয়েছে। তবে অভিযোগ উঠেছে স্বল্পগতির যানবাহন অনেক সময় সার্ভিস রোড ছেড়ে দ্রুত চলার জন্য মহাসড়কে উঠে আসে।

মহাসড়কের সঙ্গে গ্রামীণ সড়ককে সংযুক্ত করে দেয়ার ফলেও দ্রুত ও কম গতির যানবাহনের সংঘর্ষের পরিস্থিতি সৃষ্টি হচ্ছে। অন্যদিকে যেসব মহাসড়কে সার্ভিস রোড নেই সেখানে ভারী যানের চালকরা প্রায়ই সড়কের বাস্তবতা না বুঝে অসংবেদনশীল হয়ে পড়ে এবং হামলা যানগুলোতে চাপা দেয় বলে জানিয়েছেন বুয়েটের অ্যাক্সিডেন্ট রিসার্চ ইন্সটিটিউটের অধ্যাপক মো. মাহবুব আলম তালুকদার। বিআরটিএ-এর তথ্যমতে বাংলাদেশে ২০টি ক্যাটাগরির নিবন্ধিত মোটরচালিত যানের সংখ্যা প্রায় ৬০ লাখের মতো। এরমধ্যে ৪৪ লাখ বাহনই মোটরসাইকেল। বাকি ১৬ লাখের মধ্যে প্রায় ছয় লাখ যানবাহনের কোন ফিটনেস নেই। বিষয়টি দেখভাল করার দায়িত্বে থাকা সংস্থাকে 'ম্যানেজ' করে এই যানগুলো চলছে বলে জানিয়েছে যাত্রীদের অধিকারে কাজ করা সংস্থাগুলো।

ঈদ-যাত্রার সুযোগে বেশিরভাগ ফিটনেসবিহীন বাস মহাসড়কে উঠে পড়ে যা ঈদে সড়কে মৃত্যুর সংখ্যা বাড়িয়ে দেয়ার আরেকটি বড় কারণ। কেননা সড়কে যতো দুর্ঘটনা ঘটেছে। বেশিরভাগ ক্ষেত্রেই দেখা গেছে দুর্ঘটনাকবলিত যানটির ফিটনেস নেই। ফরিদপুর ও ঝালকাঠির ঘটনা এর বড় উদাহরণ। সড়কে চলাচলের জন্য যেকোনো যানবাহনের যান্ত্রিক ও কাঠামোগত ফিটনেস থাকতে হয়। কাঠামোগত দিকটি চোখে দেখে দেওয়া গেলেও যান্ত্রিক দিক পুরোপুরি পরীক্ষা-নিরীক্ষার ওপর নির্ভর করতে হয়। পুরো প্রক্রিয়াটি দেখভাল করার মতো প্রয়োজনীয় প্রযুক্তিগত ও পদ্ধতিগত সক্ষমতার অভাব যেমন আছে তেমনি লোকবল সংকটও রয়েছে। এদিকে সড়ক নিরাপত্তা বিশেষজ্ঞ ড. হাদিউজ্জামান মহাসড়কে দুর্ঘটনার পেছনে হাইওয়ে পুলিশের তদারকিতে ঘাটতিকে চিহ্নিত করেছেন। তিনি বলেন, "ফরিদপুরের ঘটনা তো দিনে দুপুরে রয়েছে। মহাসড়কে পণ্যবাহী পিক-আপে যাত্রীরা চলাচল করলো কেউ কিছু বলল না, কোন তদারকি নেই।

ফিটনেসবিহীন গাড়ি কমছে তো না-ই বরং বাড়ছে। এখন ভারী যানের মালিকরা বিআরটিএ থেকে ফিটনেস সনদ নেয়ার প্রয়োজনীয়তা মনে করছেন না।"

যাত্রী কল্যাণ সমিতির মহাসচিব মোজাম্মেল হক চৌধুরী বলেন, আইন প্রয়োগে প্রশাসনের দুর্বলতা যেমন আছে তেমনি তারা ও দুর্নীতি করে অবৈধ সুযোগ নিয়েই এসব যানবাহন চলাচলের সুযোগ করে দিচ্ছে। বিআরটিএর অনেক পরিদর্শকের বিরুদ্ধে গাড়ি না দেখেই অর্থের বিনিময়ে ফিটনেস সনদ দেওয়ার এমনকি গাড়ি পুলিশের হেফাজতে আটক থাকাকালেও ফিটনেস সনদ দেয়ার অভিযোগ রয়েছে। এক্ষেত্রে যানবাহনের ফিটনেস পরীক্ষা ও লাইসেন্স প্রদানের বিষয়টি বেসরকারিকরণের ওপর জোর দিয়েছেন বুয়েটের অ্যাক্সিডেন্ট রিসার্চ সেন্টারের অধ্যাপক মো. মাহবুব আলম তালুকদার। ফিটনেসবিহীন ও ত্রুটিপূর্ণ গাড়ি চলাচল বন্ধে বিআরটিএ প্রায়ই অভিযান চালায়। অভিযান চলাকালে কিছুদিন এগুলো রাস্তায় বের হয় না। পরে আবার যথারীতি চলতে শুরু করে। বুধবার ঝালকাঠিতে ঘটে যাওয়া দুর্ঘটনার পর জানা যায়, চালকের নিবন্ধন ছিল হালকা শ্রেণির, ট্রাক চালানোর অনুমতিই ছিল না। এছাড়া দুর্ঘটনা কবলিত ট্রাকটি ২০১২ সালের এক্সেল লোড নীতিমালা অনুযায়ী, ১৩ টন পণ্য পরিবহনে সক্ষম। কিন্তু তা সত্ত্বেও সেখানে ২০ টন ওজনের চারশো বস্তা সিমেন্ট তোলা হয়েছে। নিয়ম অমান্য করে ট্রাকটি খুলনা থেকে বিনা বাধায় গাবখান পর্যন্ত চলে। অথচ সড়ক পরিবহন আইনের ৪৩ ধারা অনুযায়ী, অতিরিক্ত ওজন বহন দণ্ডনীয় অপরাধ।

তার আগে ফরিদপুরে দুর্ঘটনায় নিষেধাজ্ঞা অমান্য করে পণ্যবাহী পিক-আপে যাত্রী পরিবহন করা হচ্ছিল। নিহত সবাই ছিলেন পিক-আপের চালক বা যাত্রী। বাসটির রুট পারমিট যথাযথ ছিল না।বিশেষজ্ঞদের মতে, মহাসড়কে দুর্ঘটনার পেছনে সবচেয়ে বড় কারণ গতিসীমা মেনে না চলা। এ ব্যাপারে সড়ক নিরাপত্তা বিশেষজ্ঞ ড. হাদিউজ্জামান বলেছেন, "যানবাহনের গতি বাড়ানোর জন্য সড়ক প্রশস্ত করা হচ্ছে, লেন বাড়ানো হচ্ছে। কিন্তু যান চলাচলের ব্যবস্থাপনায় কোন শৃঙ্খলা নেই। হালকা যানগুলো নিয়ন্ত্রণ করা যাচ্ছে না। এদিকে গতি তারতম্যে মহাসড়কে রক্তক্ষরণ হচ্ছে।" যাত্রী কল্যাণ সমিতি বলছে, মহাসড়কগুলো উন্নত করার কারণে চালকদের মধ্যে অতিরিক্ত গতিতে গাড়ি চালানোর প্রবণতা বেড়েছে। কিন্তু এই গতি নিয়ন্ত্রণ করতে কার্যকর কোন স্মার্ট ব্যবস্থা গ্রহণ করা হয়নি। সেইসাথে বাংলাদেশে যানবাহনের চালকদের সাইড দেওয়ার সংস্কৃতিও গড়ে ওঠেনি। বেশি গতিসম্পন্ন যানবাহনকে অনেকটা জোর করেই ওভারটেক করতে হয়। বুয়েটের অ্যাক্সিডেন্ট রিসার্চ ইন্সটিটিউটের গবেষণাতে দেখা গেছে, মহাসড়কে যেসব দুর্ঘটনা ঘটে, তার বড় কারণ বেপরোয়াভাবে বা অতিরিক্ত গতিতে চালানোর প্রতিযোগিতা এবং বিপজ্জনক ওভারটেকিং।

ঈদের দিন থেকে পরের কয়েক দিন সড়ক ফাঁকা থাকায় এ সুযোগে পাল্লাপাল্লি করে গাড়ি ওভারটেক করেন চালকরা। সড়ক পরিবহন বিধিমালার ১২৫-এ গতিসীমা নিয়ন্ত্রণের কথা বলা হলেও কীভাবে নিয়ন্ত্রণ প্রয়োগ করা হবে, তা বলা নেই। অতিরিক্ত পণ্য বহনের কারণে হাজার হাজার কোটি টাকায় নির্মিত সড়ক-মহাসড়ক টিকছে না। খানাখন্দ সৃষ্টি হয়ে দুর্ঘটনা ঘটছে। ফরিদপুরের দুর্ঘটনার বিষয়ে প্রত্যক্ষদর্শীদের ভাষ্য, সড়কের গর্তে চাকা আটকে বাসটি আড়াআড়ি হয়ে গিয়েছিল। সেখানে পিকআপ ধাক্কা লেগে ওই হতাহতের ঘটনা ঘটেছে। এছাড়া অধিকাংশ সড়ক দুর্ঘটনা ডিভাইডার বিহীন রাস্তাগুলোতে হয়েছে। বাংলাদেশের চালকদের আচরণ বিবেচনায় নিয়ে সব রাস্তায় ডিভাইডার বসানোর পরামর্শ দিয়েছেন বিশেষজ্ঞরা। বাংলাদেশের মহাসড়কে চলার উপযোগী যানগুলোর চালক নিয়োগ পদ্ধতি বেশ ত্রুটিপূর্ণ বলে জানিয়েছেন যাত্রী কল্যাণ সমিতির মহাসচিব মোজাম্মেল হক চৌধুরী। গণপরিবহন চলাচলে বাড়তি চাপ থাকায় অনেক সময় মৌসুমি চালকরা এমনকি চালকের সহকারীরা দূরপাল্লার গাড়ি চালায়। মি. চৌধুরী বলেন "বেশিরভাগ চালকই একসময় হেলপার ছিল। তারা ওস্তাদের কাছ থেকে শিখে বড় যাত্রীবাহী বাস ও ট্রাকের চালক হয়েছে। তাদের যথাযথ কারিগরি জ্ঞান নাই। এজন্য মহাসড়কে কোন দুর্ঘটনার পরিস্থিতি হলে তারা সেটা সামাল দিতে পারে না।" যাত্রী কল্যাণ সমিতি বলছে, বাংলাদেশকে পরিবহনকে এখনও শিল্পের মর্যাদা দেয়া হয়নি। এ কারণে শ্রমিকদের নিয়োগপত্র, কর্মঘণ্টা ও বেতন ভাতা নির্ধারণ হয়নি। এ কারণে দেখা যায়, চালকরা উৎসবের সময় ট্রিপভিত্তিক কাজ করেন। অর্থাৎ একজন চালক যতো ট্রিপ দেবেন সে হিসেবে টাকা পাবেন। এবং অতিরিক্ত মুনাফার আশায় তারা দিনরাত বিরামহীন কাজ করেন। অনেকে ক্লান্ত হয়ে বেপরোয়া গাড়ি চালান, অনেক সময় ঘুমিয়ে পড়ার ফলে সড়কে সংঘর্ষের মতো পরিস্থিতির সৃষ্টি হয়।

মালিকরাও চেষ্টা করে, কত কম খরচ করে, পরিবহন শ্রমিকদের বেশি খাটিয়ে বেশি লাভ করা যায়। ফলে তারা বাসের ফিটনেস, চালকদের সক্ষমতার দিকে নজর দেন না। এবারে তিন শতাধিক দুর্ঘটনা বিশ্লেষণ করে যাত্রী কল্যাণ সমিতি দেখেছে যে এর বেশিরভাগই মুখোমুখি সংঘর্ষের ফলে হয়েছে। চালক ঘুমিয়ে পড়ার কারণে এমনটা হয়েছে বলে তারা চিহ্নিত করেছেন। বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতি ও বুয়েটের অ্যাক্সিডেন্ট রিসার্চ ইন্সটিটিউটের গবেষণায় দেখা গেছে, চালকদের অনেকের সড়কের চিহ্ন এবং আইন কানুন সম্পর্কে পরিষ্কার ধারণা নেই। এমনকি অনেক চালকের ড্রাইভিং লাইসেন্সও থাকে না। আবার যাদের লাইসেন্স থাকে তাদের দক্ষতা যাচাই করে দেখা হয় না। টাকা পয়সা দিলেই অনেকের লাইসেন্স হয়ে যায়। দুর্ঘটনা ঘটার আরেকটি বড় কারণ অপ্রশস্ত দুই লেনের মহাসড়কগুলো। এ বিষয়ে সড়ক নিরাপত্তা বিশেষজ্ঞ ড. হাদিউজ্জামান জানান, "এখনকার যানবাহনের আকৃতির সাথে তুলনা করলে এই দুই লেনের মহাসড়কগুলো সাব-স্ট্যান্ডার্ড হয়ে গিয়েছে। আগে এখানে ৪০ সিটের বাস চলতো, এখন বাসের আকার প্রায় দ্বিগুণ হয়েছে। তখন দেখা যায় চার লেনের রাস্তা বা এক্সপ্রেসওয়ে হয়ে যখন এই বড় যানগুলো দুই লেনের রাস্তায় ঢোকে

তখন তারা আগের গতিই ধরে রাখে, কিন্তু ওই সরু সড়কে নিয়ন্ত্রণ করতে পারে না।" মহাসড়কে দুর্ঘটনা ও প্রাণহানি ঘটলেও জড়িতদের উল্লেখ করার মতো কোনো শাস্তি হয়নি। শাস্তি হলেও সেটা সীমাবদ্ধ ছিল চালক ও হেলপারের মধ্যে। কিন্তু যাদের গাফেলতিতে এমন পরিস্থিতির সৃষ্টি হয়েছে তাদেরকে জবাবদিহিতার আওতায় আনা যায়নি। এর বড় কারণ দুর্ঘটনার পর গঠন করা তদন্ত কমিটিগুলো। সড়ক নিরাপত্তা বিশেষজ্ঞদের মতে, দুর্ঘটনার পর তদন্ত কমিটি হলেও সেগুলো স্বাধীন নয়, তদন্ত কমিটি করা হয়, তাতে বিআরটিএ, পুলিশ, হাইওয়ে পুলিশ, সওজ প্রতিনিধিদের। যেখানে কিনা তারাই এই নিরাপত্তা ঘাটতির জন্য দায়ী। কমিটিতে কোন সেফটি বিশেষজ্ঞরা থাকেন না। এ কারণে দুর্ঘটনার সঠিক কারণ যেমন উঠে আসে না, তেমনি কমিটির সুপারিশও বাস্তবায়নও হয় না।

সব মিলিয়ে তদন্ত কমিটির প্রতিবেদনে সংস্থাগুলোর নিজেদের দায় কিংবা ঘাটতি তদন্তে উঠে আসে না। বুয়েটের অ্যাক্সিডেন্ট রিসার্চ সেন্টারের অধ্যাপক মো. মাহবুব আলম তালুকদার বলেছেন, দুর্ঘটনার কারণ অনুসন্ধানে যদি হাইওয়ে পুলিশের সদস্য, বিটিআরসির লোক নিয়ে কমিটি হয় তাহলে কেমন তদন্ত হবে? "বাংলাদেশে সড়ক ব্যবস্থাপনা এতো বেশি বিশৃঙ্খল, কোথাও কোন ডিসিপ্লিন নেই। এখানে আইন প্রয়োগে কমিটি করা হয়। কিন্তু কাউকে জবাবদিহিতায় আনা হয় না।" তিনি বলেন। তার মতে, দুর্ঘটনার তদন্তে কমিটি নয়, উন্নত দেশগুলোর মতো স্বাধীন কমিশন থাকা প্রয়োজন। যেখানে বিশেষজ্ঞরা থাকবেন। মি আলম বলেন, "এখানে ন্যাশনাল রোড সেফটি কাউন্সিল আছে। যাদের কাজ তিন মাস অন্তর মিটিং করা, নতুন আইন বা আইন সংশোধন করার কথা, কিন্তু এই সমস্যাকে বিজ্ঞানভিত্তিকভাবে সমাধানের ধারে কাছে কেউ নাই। মিটিং হলে তারা খোশ গল্প করে, কেউ সিরিয়াস না। যারা পরিবহন নিয়ে কথা বলে তাদের কোন জ্ঞান-বুদ্ধি নাই। বিআরটিএ -এর লাইসেন্স প্রক্রিয়া ঠিক নেই। প্রশাসন কোন আইন প্রয়োগ করে না। সবাই নিজস্ব সুবিধা নিয়ে আছে। কোন সমন্বয় নেই।" এক্ষেত্রে তিনি মহাসড়কের অবকাঠামোগত উন্নয়নের পাশাপাশি এর সুষ্ঠু ব্যবস্থাপনা জোরদার করতে বিআরটিএর ভূমিকা কমিয়ে লাইসেন্স দেয়া, ফিটনেস পরীক্ষার মতো কাজগুলো বেসরকারিকরণের পরামর্শ দিয়েছেন। সেইসাথে জবাবদিহিতা নিশ্চিত করতে নিরপেক্ষ মনিটরিং সেল ও তদন্ত কমিটি করা প্রয়োজন বলে তিনি জানান। এ বিষয়ে সড়ক নিরাপত্তা বিশেষজ্ঞ ড. হাদিউজ্জামান বলেছেন, "আমাদের মহাসড়কের যানবাহন আনফিট, চালক আনফিট। এক্ষেত্রে সড়কে যে হতাহত হচ্ছে এটাকে দুর্ঘটনা বলা যাবে কিনা সেটা ভাবার সময় এসেছে। দুর্ঘটনা বললে পরিবেশের ওপর দোষ চাপানো হয়। কিন্তু আমাদের এখানে এমনটা হচ্ছে না। আমাদের নিজেদের গাফেলতিতে এমনটা হচ্ছে যা চাইলেই নিয়ন্ত্রণ করা যায়।" নিরাপদ সড়কের জন্য ২০১৮ সালে বেশ সাড়া জাগানো আন্দোলন করেছিল শিক্ষার্থীরা। সড়কের নিরাপত্তায় শাস্তি বহু গুণ বাড়িয়ে আইন করা প্রধানমন্ত্রীর কার্যালয় থেকে ১৭ দফা নির্দেশনা দেওয়া হয়। সরকারের দিক থেকে সড়ক নিরাপদ করতে নানা আশ্বাস দেওয়া হলেও কোনটাই ঠিকমতো বাস্তবায়ন হচ্ছে না। দুর্ঘটনাও রোধ হচ্ছে না। (বিবিসি ওয়েব পেজ:২০.০৪.২০২৪ রিহাব)

## ফরিদপুরে মন্দিরে আগুনের পর দুই জন হত্যা - কী ঘটেছিল?

বাংলাদেশের ফরিদপুর জেলার মধুখালী উপজেলার ডুমাইন ইউনিয়নে একটি মন্দিরের প্রতিমায় আগুন ও এরপর সন্দেহের জেরে দুজন শ্রমিককে পিটিয়ে হত্যার ঘটনায় দশজনকে আটক করার কথা জানিয়েছেন জেলা প্রশাসক কামরুল আহসান তালুকদার। মি. তালুকদার শনিবার দুপুরে বিবিসি বাংলাকে বলেছেন, "মন্দিরটিতে বৃহস্পতিবার সন্ধ্যায় সন্ধ্যা বাতি দেয়া হয়েছিলো। পরে প্রতিমায় আগুন ও দুজনকে হত্যার ঘটনা ঘটেছে। কিন্তু আগুন কারা লাগিয়েছে সেটি জানতে তদন্ত চলছে। এর মধ্যেই দশ জনকে আটক করা হয়েছে"।

এদিকে আজ শনিবার ঘটনাস্থল পরিদর্শন এবং নিহতদের বাড়িতে গেছেন ধর্মমন্ত্রী মোঃ ফরিদুল হক খান। পরিস্থিতি নিয়ন্ত্রণে আগেই বিজিবি ও অতিরিক্ত পুলিশ নেয়া হয়েছে সেখানে। "পরিস্থিতি থমথমে হলেও আমাদের নিয়ন্ত্রণে। তদন্ত চলছে, অপরাধীদের চিহ্নিত করে আইনের আওতায় আনা হবে," বলছিলেন মি. তালুকদার। নিহত দুজন সহোদর এবং তাদের বয়স বিশ বছরেরও কম বলে জানিয়েছেন তাদের চাচাতো ভাই ইমরান খান। তিনি ঘটনার জন্য দায়ী ব্যক্তিদের বিচার দাবি করেছেন। "এটি কোন গণপিটুনির ঘটনা নয়, এটি পরিকল্পিত খুন। একটি রুমে কয়েকজনকে বেধে লাঠি, ইট ও রড দিয়ে পেটানো হয়েছে," বিবিসি বাংলাকে বলছিলেন মি. খান।

মধুখালীর পুলিশ জানিয়েছে দুজনকে হত্যার ঘটনায় সন্দেহভাজন যাদের আটক করা হয়েছে তারা সেখানকার হিন্দু সম্প্রদায়ের। জেলা প্রশাসক কামরুল আহসান তালুকদার জানিয়েছেন, বৃহস্পতিবার সন্ধ্যায় মন্দিরে সন্ধ্যা বাতি দেয়া হয়েছিলো। এর কিছুক্ষণ পর প্রতিমায় আগুন ও এর জের ধরে কয়েকজনের ওপর হামলা হলে দুজনের মৃত্যু হয়। তবে নিহতদের আত্মীয় স্বজন, স্থানীয় জনপ্রতিনিধি ও সাংবাদিকদের সাথে কথা বলে জানা গেছে ডুমাইন ইউনিয়নে পঞ্চপল্লী এলাকা সার্বজনীন কালীমন্দির ও এর লাগোয়াই গড়ে উঠেছে পঞ্চপল্লী সরকারি প্রাথমিক বিদ্যালয়। মন্দির এলাকার বিবরণ দিয়ে স্থানীয় সাংবাদিক পান্না বালা বিবিসিকে জানান যে মন্দিরটি ছোট আকৃতির এবং এর চারদিকে দেয়াল আর উপরে চৌচালা টিন। আর সামনে বাঁশের বেড়া দিয়ে আটকানো। ঘটনাস্থল পরিদর্শনের সময় স্থানীয়রা তাকে জানিয়েছেন, প্রতিদিন সন্ধ্যায় ওই মন্দিরে সন্ধ্যা বাতি জ্বালানোর কাজটি করে মালতী মণ্ডল। বৃহস্পতিবার সন্ধ্যায় সাড়ে ছয়টার দিকে তিনি প্রদীপ নিয়ে মন্দিরে গিয়েছিলেন। ওদিকে ওই মন্দির লাগোয়া স্কুলের শৌচাগার নির্মাণের

জন্য পাশেই কয়েকদিন ধরে কাজ করছিলেন একদল শ্রমিক, যাদের বাড়িঘর অন্য এলাকায়। পুরো এলাকাটিতেই হিন্দু সম্প্রদায়ের মানুষজন বসবাস করেন এবং আশেপাশে তেমন কোন মুসলিম বসতি নেই।

ফলে সন্ধ্যার পর প্রতিমায় আগুনের খবর স্থানীয় হিন্দু সম্প্রদায়ের মধ্যে ছড়িয়ে পড়ে পড়লে সবাই ক্ষুব্ধ হয়ে ওঠেন। অন্যদিকে তখন মন্দিরের পাশের স্কুলে ছিলেন নির্মাণ শ্রমিকরা। সেখানে চার জন নির্মাণ শ্রমিক, একজন রডমিস্ত্রী, একজন শ্রমিক সর্দার এবং আরেকজন নসিমন চালক ছিলেন। সন্ধ্যার পরপরই প্রতিমায় আগুনের খবর স্থানীয়দের মধ্যে ছড়িয়ে পড়লে লোকজন জমায়েত করে কাছেই থাকা শ্রমিকদের ধরে নিয়ে মারধর করতে থাকে। এ সময় তারা একটি নসিমন (স্থানীয় পর্যায়ে ব্যবহৃত যানবাহন) পুড়িয়ে দেয়। খবর পেয়ে ঘটনাস্থলে যান ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ কয়েকজন। কিন্তু তিনি পরিস্থিতি নিয়ন্ত্রণে ব্যর্থ হয়ে ইউএনও এবং থানার ওসিকে জানান। তারাও ঘটনাস্থলে গিয়ে অবরুদ্ধ হয়ে পড়েন। পরে আরও পুলিশ গিয়ে ফাঁকা গুলি করে শ্রমিকদের উদ্ধার করে হাসপাতালে নিয়ে যায়। পরে রাতেই দুজনের মৃত্যু হয়। সে রাতেই ঘটনাস্থলে গিয়েছিলেন জেলা প্রশাসক কামরুল আহসান তালুকদার।

"ওই ঘটনাটি (প্রতিমায় আগুন) পাশের ওই শ্রমিকদের দ্বারা হতে পারে এমন ধারণার বশবর্তী হয়েই তাদের ওপর হামলার ঘটনা হতে পারে এবং কারা হামলায় জড়িত সেটি তদন্তে বেরিয়ে আসবে," বলছিলেন তিনি। এদিকে শুক্রবার রাতেই পুলিশ সুপার মোহাম্মদ মোর্শেদ আলম স্থানীয় সাংবাদিকদের জানিয়েছেন যে, পিটিয়ে মারার ঘটনায় প্রধানত যিনি নেতৃত্ব দিয়েছেন, তাকে আটক করা হয়েছে। তবে তিনি তার নাম পরিচয় প্রকাশ করেননি। ওদিকে আহত শ্রমিকদের মধ্যে দুজনকে চিকিৎসার জন্য ঢাকায় পাঠানো হয়েছে এবং আরও একজন ফরিদপুরের হাসপাতালে চিকিৎসাধীন আছে। যে দুই ভাই মারা গেছে তারা হলেন মধুখালীর নওপাড়া ইউনিয়নের শাজাহান খানের ছেলে আশরাফুল খান ও তার ভাই আসাদুল খান। শুক্রবার তাদের দাফন সম্পন্ন হয়েছে। পুলিশ সুপার শুক্রবার রাতের সংবাদ সম্মেলনে জানিয়েছেন এ ঘটনায় মোট তিনটি মামলা হবে। এর একটি হবে মন্দিরে অগ্নিসংযোগের অভিযোগে, দ্বিতীয়টি হবে দুজনকে পিটিয়ে হত্যার অভিযোগে এবং তৃতীয়টি হবে পুলিশের ওপর হামলা ও সরকারি কাজে বাঁধা দেয়ার অভিযোগে। নিহত দুজনের চাচাতো ভাই ইমরান খান বিবিসিকে বলেন তারা চান দ্রুত যেন ঘটনার সঠিক বিচার হয়। "ওরা কাজ করতে গিয়েছিলো। তারা আর ফিরে আসবে না। কিন্তু আমরা চাই বিচারটা যেন হয়," বিবিসি বাংলাকে বলছিলেন তিনি। (বিবিসি ওয়েব পেজ:২০.০৪.২০২৪ রিহাব)

## যশোর ও চুয়াডাঙ্গায় যেসব কারণে এতো বেশি গরম পড়ে

তীব্র গরমে বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের জেলাগুলোতে জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। এর মধ্যে যশোর ও চুয়াডাঙ্গায় তাপমাত্রা বাড়ছে পাল্লা দিয়ে। শনিবার যশোরে সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৪২ ডিগ্রি। অন্যদিকে একইদিন চুয়াডাঙ্গায় তাপমাত্রা ছিল ৪২.৩ ডিগ্রি। এসব অঞ্চলে তাপমাত্রা ৪২ ডিগ্রি ছাড়িয়ে যাওয়া এবারই প্রথম নয়। প্রতিবারই তীব্র দাবদাহ থাকে এই অঞ্চলে। দাবদাহের কারনে বাংলাদেশে স্কুল-কলেজে ছুটি ঘোষণা করেছে সরকার। রাজধানী ঢাকাসহ দেশের আরো কিছু জায়গায় তাপমাত্রা ৪০ ডিগ্রির বেশি হলেও যশোর ও চুয়াডাঙ্গা জেলায় গরমের তীব্রতা সবকিছুকে ছাড়িয়ে গেছে।

এর আগে ২০১৪ সালে এই জেলার তাপমাত্রা সর্বোচ্চ ৪৩ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করার কথা জানা যায়। প্রশ্ন হচ্ছে, যশোর ও চুয়াডাঙ্গায় এতো বেশি গরম পড়ে কেন? আবহাওয়াবিদরা বলছেন, এর কিছু প্রাকৃতিক কারণ রয়েছে। সে অঞ্চলের বৈশিষ্ট্যের কারণে তাপপ্রবাহ বেশি হয়। আবহাওয়াবিদ একেএম নাজমুল হক ২০২৩ সালের এপ্রিল মাসে বিবিসি বাংলাকে বলেন, বাংলাদেশে এপ্রিল হচ্ছে সর্বোচ্চ গরম মাস। এই সময়ে পৃথিবী সূর্য থেকে রশ্মি বা কিরণ পায় সেটি লম্বালম্বিভাবে পায়। সূর্যকে কেন্দ্র করে যে কক্ষপথ ধরে পৃথিবী ঘুরছে সেখানে পৃথিবীর অবস্থানের কারণে বাংলাদেশ সবচেয়ে কাছ থেকে সূর্যরশ্মি গ্রহণ করছে। অন্যভাবে বলতে গেলে, এপ্রিল মাসে সূর্য থেকে বাংলাদেশের অবস্থান অন্য সময়ের তুলনায় সবচেয়ে কাছাকাছি থাকে। যার কারণে সূর্যের তাপ বেশিই পরে এই অঞ্চলে। চুয়াডাঙ্গায় কেন বেশি তাপমাত্রা থাকে? এমন প্রশ্নের উত্তর আবহাওয়াবিদ একেএম নাজমুল হক বলেন, যশোর, চুয়াডাঙ্গা, মেহেরপুর, খুলনা এই অঞ্চলে বিস্তৃত সমভূমি রয়েছে। এছাড়া এই অঞ্চলের পশ্চিমে অবস্থিত পশ্চিমবঙ্গ। সেখানেও বিশাল এলাকা জুড়ে সমভূমি। ফলে তাপমাত্রা প্রবাহের যে তিনটি পদ্ধতি রয়েছে- পরিবহন, পরিচলন এবং বিকিরণ- এই তিনটি পদ্ধতির মধ্যে সমভূমি হওয়ার কারণে এই অঞ্চল দিয়ে পরিবহন পদ্ধতিতে তাপ প্রবাহিত হয়। ফলে সরাসরি তাপ লাগার কারণে পুরো অঞ্চলের তাপমাত্রা বেশি থাকে।

দ্বিতীয়ত, চুয়াডাঙ্গা অঞ্চলের দক্ষিণ-পশ্চিম এলাকা দিয়ে জলীয় বাষ্প প্রবেশ করায় তাপমাত্রা বাড়ে। আবহাওয়াবিদ মি. হক বলেন, বঙ্গোপসাগরের পশ্চিমঘাট হচ্ছে খুলনা, চুয়াডাঙ্গা অঞ্চল। আর বঙ্গোপসাগর হচ্ছে জলীয় বাষ্পের উৎস। বঙ্গোপসাগর থেকে জলীয়বাষ্প এই অঞ্চল দিয়ে প্রবেশ করে বলে বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ অন্যান্য এলাকার তুলনায় এই এলাকায় বেশি থাকে। ফলে তাপমাত্রাও বেশি থাকে। মি. হক বলেন, "এখন তাপমাত্রা ৪০ ডিগ্রি সেলসিয়াস। এখন আমি যদি বাতাসে আরো ২০ শতাংশ জলীয় বাষ্প ঢুকিয়ে দেই তাহলে ওই ৪০ ডিগ্রি তাপমাত্রা ৪০ ডিগ্রি না থেকে ৪১ বা ৪২ ডিগ্রিতে রূপ নিতে পারে।"

তৃতীয় এবং সবচেয়ে বড় কারণ হচ্ছে সূর্য থেকে চুয়াডাঙ্গার অবস্থান বা সোলার পজিশন। সূর্যের উত্তরায়নের কারণে তাপমাত্রা বাড়ে। মি. হক বলেন, পৃথিবী সাড়ে ২৩ ডিগ্রি কোণে সূর্যকে কেন্দ্র করে ঘুরছে। ফলে ২১শে মার্চের পর

থেকে ২১শে জুন পর্যন্ত উত্তর মেরুতে সবচেয়ে বেশি সূর্যের তাপ পৌঁছায়। আর বাংলাদেশ যেহেতু ২২ ডিগ্রি থেকে ২৬ডিগ্রি এরকম অবস্থানে আছে এবং কেন্দ্র রয়েছে ২৩ ডিগ্রির কাছাকাছি। "ফলে সূর্যের যে সর্বোচ্চ কিরণ সেটা কিন্তু পড়ে এই সব অঞ্চলে," বলেন তিনি। যে কারণে এই অঞ্চলে তাপমাত্রাটা বেশি থাকে বলেও জানান তিনি। গরমকালে চুয়াডাঙ্গায় তাপমাত্রা সর্বোচ্চ থাকলেও শীতকালে অবশ্য সেটি থাকে না।

বরং শীতকালে বাংলাদেশের যেসব এলাকায় তাপমাত্রা ১০ ডিগ্রির নিচে নেমে আসে, চুয়াডাঙ্গা সেসব অঞ্চলের অন্যতম। চুয়াডাঙ্গা অঞ্চলে তাপমাত্রা শীতকালে কম থাকার কারণ হিসেবে আবহাওয়াবিদ একেএম নাজমুল হক বলেন, এর জন্য দায়ী আসলে শীতকালে প্রবাহিত শুষ্ক বাতাস। শীতকালে বাংলাদেশের উপর দিয়ে যে শুষ্ক বাতাস বয়ে যায় তা সাইবেরিয়া অঞ্চল থেকে আসে। উত্তরপ্রদেশ, বিহার ও পশ্চিমবঙ্গ দিয়ে এই শুষ্ক বাতাস বাংলাদেশে প্রবেশ করে দুই ভাগে বিভক্ত হয়। হিমালয়ের একপাশ দিয়ে শুষ্ক বাতাস ঢুকে উত্তর-পশ্চিমাঞ্চলে বিশেষ করে রংপুর, দিনাজপুর, রাজশাহী, যশোর, চুয়াডাঙ্গা- এসব অঞ্চল দিয়ে প্রবেশ করে। আর দ্বিতীয়টি উত্তর-পূর্বাঞ্চলের সিলেট ও ময়মনসিংহ অঞ্চল দিয়ে প্রবেশ করে। এই দুটি বায়ু-প্রবাহের মধ্যে যেটি বেশি সক্রিয় বা শক্তিশালী থাকে সেবছর ওই অঞ্চলে বেশি শীত অনুভূত হয়। দাবদাহের কারণে যশোর ও চুয়াডাঙ্গায় মানুষজন বাড়ি থেকে খুব একটা বের হচ্ছেন না। বিশেষ করে দুপুর বারোটা থেকে বিকেল তিনটা পর্যন্ত অনেকে রাস্তায় চলাচল করছেন না।

যশোরের সাংবাদিক সাজেদ রহমান বিবিসি বাংলাকে বলেন, সেখানে জীবনযাত্রা থমকে যাবার উপক্রম হয়েছে। "গরমের কারণে বেলা ১১থেকে ৪টা পর্যন্ত বাইরে আসা যাচ্ছে না। সবাই চেষ্টা করছে ১১টার আগেই কাজ শেষ করে বাড়িতে ফিরে যেতে," বলছিলেন মি. রহমান। তিনি জানান, এখন বোরো ধান কাটার মৌসুম চলছে। কৃষকরা চেষ্টা করছেন ভোরে মাঠে গিয়ে সূর্যের তাপ বাড়ার আগেই বাড়িতে চলে আসতে। একই অবস্থা পাশের জেলা চুয়াডাঙ্গায়। সেখানকার বাসিন্দা মাহবুব সরকার বিবিসি বাংলাকে জানান, প্রচণ্ড গরমে জনজীবন বিপর্যস্ত হয়ে পড়েছে। "প্রচণ্ড হিট (গরম), সহ্য করা যাচ্ছে না," বলছিলেন মি. সরকার। তিনি বলেন, যারা শহরাঞ্চলে বসবাস করেন তাদের জন্য গোসল করা বেশ কঠিন হয়ে পড়েছে। কারণ ছাদে ট্যাংকের ভেতরের পানি উত্তপ্ত হয়ে ওঠে। "বালতিতে দুই-এক ঘণ্টা পানি রেখে সেটা সহনীয় হলে তারপর গোসল করি। তারপরেও পানি অনেক গরম থাকে," বলছিলেন মি. সরকার।

(বিবিসি ওয়েব পেজ:২০.০৪.২০২৪ রিহাব)

# ভয়েস অফ আমেরিকা

## বিএনপি নেতা আবদুল আউয়াল মিন্টু হাসপাতালে ভর্তি

বাংলাদেশ জাতীয়তাবাদী দল বিএনপির ভাইস চেয়ারম্যান ও শীর্ষস্থানীয় ব্যবসায়ী আবদুল আউয়াল মিন্টুকে রাজধানীর ইউনাইটেড হাসপাতালে ভর্তি করা হয়েছে। শনিবার (২০ এপ্রিল ) হঠাৎ অসুস্থ হয়ে পড়লে তাকে হাসপাতালে নেয়া হয়। অসুস্থ আবদুল আউয়াল মিন্টুকে দেখতে দুপুর আড়াইটায় হাসপাতালে যান বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম। আবদুল আউয়াল মিন্টুর বড় ছেলে, বিএনপি নেতা তাবিথ আউয়াল জানান, তার বাবা হৃদরোগে আক্রান্ত হয়ে থাকতে পারেন বলে আশঙ্কা করছেন চিকিৎসকরা। পারিবারিক সূত্রে জানা গেছে, শুক্রবার (১৯ এপ্রিল) রাতে একটি বিয়ের অনুষ্ঠানে অংশ নেয়ার পর বাড়িতে ফেরেন তিনি। তারপর ঘুমাতে গিয়ে বুকে প্রচণ্ড ব্যথা অনুভব করেন। এক পর্যায়ে তিনি অজ্ঞান হয়ে পড়েন। এই পরিস্থিতিতে তাকে হাসপাতালে নেয়া হয়। চুয়াত্তর বছর বয়সী আবদুল আউয়াল মিন্টু মাল্টিমোড গ্রুপের প্রতিষ্ঠাতা। তিনি ব্যবসায়ীদের শীর্ষ সংগঠন ফেডারেশন অফ বাংলাদেশ চেম্বার্স অফ কমার্স অ্যান্ড ইন্ডাস্ট্রির (এফবিসিসিআই) সভাপতি হিসেবেও দায়িত্ব পালন করেছেন।

(ভোয়া ওয়েব পেজ:২০.০৪.২০২৪ রিহাব)

## কাতারের আমির বাংলাদেশ সফরে আসছেন সোমবার

কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানিকে স্বাগত জানাতে সব প্রস্তুতি নিয়েছে বাংলাদেশ। আগামী সোমবার (২২ এপ্রিল) দুই দিনের রাষ্ট্রীয় সফরে বাংলাদেশে পৌঁছানোর কথা রয়েছে তার। সফরকালে, বাণিজ্য-বিনিয়োগসহ একাধিক ক্ষেত্রে সম্পর্ক জোরদারে, ডজন খানেক স্মারক ও চুক্তি সই হতে পারে বলে জানিয়েছেন বাংলাদেশের কর্মকর্তারা। বাংলাদেশ সরকার এক গেজেট বিজ্ঞপ্তিতে দুই দিনের বাংলাদেশ সফরে আসা কাতারের আমিরকে অত্যন্ত গুরুত্বপূর্ণ ব্যক্তি হিসেবে ঘোষণা করেছে। সফর উপলক্ষে বাংলাদেশের রাষ্ট্রপতি ও প্রধানমন্ত্রীর সঙ্গে কাতারের আমিরের ছবি দিয়ে ঢাকার কয়েকটি সড়ক সাজানো হয়েছে।

প্রায় ১৯ বছর পর, কাতার থেকে এমন উচ্চ পর্যায়ের সফর অনুষ্ঠিত হচ্ছে। এর আগে, ২০০৫ সালের এপ্রিলে কাতারের তৎকালীন আমির শেখ হামাদ বিন খলিফা আল সানি বাংলাদেশ সফর করেন। পররাষ্ট্র মন্ত্রণালয়ের কর্মকর্তারা জানান, ব্যবসা-বাণিজ্য ও বিনিয়োগ বৃদ্ধি, বন্দী বিনিময়, দ্বৈত কর পরিহার, জনশক্তি রপ্তানি, ধর্ম ও উচ্চশিক্ষা ক্ষেত্রে সহযোগিতা বিষয়ে চুক্তি ও সমঝোতা স্মারক সই হওয়ার সম্ভাবনা রয়েছে। বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়ের একজন উর্ধ্বতন কর্মকর্তা বলেন, এই সফর দুই দেশের মধ্যে ভ্রাতৃত্ব পূর্ণ সম্পর্ক আরো জোরদারে গুরুত্বপূর্ণ ভূমিকা রাখবে। তিনি বলেন, দ্বিপক্ষীয় ক্ষেত্রে সহযোগিতা ছাড়াও, ফিলিস্তিন-ইসরায়েল সংকট ও বৈশ্বিক ইস্যু নিয়ে আলোচনা হবে। আলোচনায়, বাংলাদেশ তার অবস্থান তুলে ধরবে। গত মাসে তুরস্কে আন্তালিয়া কূটনীতি ফোরামে অংশ নেয়ার সময়

পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ গাজায় চলমান গণহত্যা বন্ধে সম্মিলিত প্রচেষ্টার ওপর জোর দিয়েছিলেন। মানবতাবিরোধী অপরাধ ও জাতিগত নির্মূলের জন্য ইসরায়েলকে দায়ী করেন তিনি। সেই ফোরামে তিনি বলেছিলেন, "বাংলাদেশ শান্তির পক্ষে, যুদ্ধের পক্ষে নয়।" হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে আনুষ্ঠানিকভাবে রাষ্ট্রপতি মো, সাহাবুদ্দিন কাতারের আমিরকে অভ্যর্থনা জানাবেন। সোমবার বিকালে একটি বিশেষ ফ্লাইটে আমিরের ঢাকা পৌঁছানোর কথা রয়েছে। মঙ্গলবার (২৩ এপ্রিল) সকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানিকে তার কার্যালয়ে অভ্যর্থনা জানাবেন। সেখানে তাদের মধ্যে বৈঠক হবে; এরপর আরো একটি দ্বিপক্ষীয় বৈঠক হবে। দুই নেতা সহযোগিতার দলিল সই অনুষ্ঠানে উপস্থিত থাকবেন এবং যৌথ সংবাদ সম্মেলনে যোগ দেবেন।

সেখানে পরিদর্শন বইয়ে সই শেষে, কাতারের আমির মঙ্গলবার বিকালে বঙ্গভবনে যাবেন এবং রাষ্ট্রপতি তাকে অভ্যর্থনা জানাবেন। রাষ্ট্রপতি সাহাবুদ্দিন বঙ্গভবনের দরবার হলে কাতারের আমিরের সম্মানে মধ্যাহ্নভোজের আয়োজন করবেন। পররাষ্ট্রমন্ত্রী হাছান মাহমুদ কাতারের আমিরের সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করবেন। কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি'র নামে রাজধানীর একটি সড়ক ও একটি পার্কের নামকরণ করা হবে। ওই দিন বিকেলে ঢাকা উত্তর সিটি করপোরেশনের (ডিএনসিসি) আওতাধীন মিরপুরের কালশী এলাকায় পার্ক এবং মিরপুর ইসিবি চত্বর থেকে কালশী ফ্লাইওভার পর্যন্ত সড়ক উদ্বোধন করবেন তিনি।

এছাড়া, বাংলাদেশের ব্যবসায়ী সম্প্রদায়ের সদস্যদের সঙ্গে একান্ত বৈঠক করবেন কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি। মঙ্গলবার সন্ধ্যা ৬টায় একটি বিশেষ ফ্লাইটে তিনি হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর ত্যাগ করবেন। বাংলাদেশের পররাষ্ট্রমন্ত্রী বিমানবন্দরে তাকে বিদায় জানাবেন। গত বছরের মার্চে, কাতারের রাজধানী দোহায় স্বল্পোন্নত দেশগুলোর জাতিসংঘ সম্মেলনের (এলডিসি-৫) ফাঁকে কাতারের আমির শেখ তামিম বিন হামাদ আল থানি'র সঙ্গে বৈঠক করেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। উল্লেখ্য, ১৯৭৪ সালের ফেব্রুয়ারিতে অনুষ্ঠিত দ্বিতীয় ওআইসি শীর্ষ সম্মেলনের পর, সেই বছরের ৪ মার্চ কাতার বাংলাদেশকে একটি সার্বভৌম রাষ্ট্র হিসেবে স্বীকৃতি দেয়। ১৯৭৫ সালের ২৫ জুন দোহায় বাংলাদেশ তার কূটনৈতিক মিশন চালু করে। ১৯৮২ সালে ঢাকায় কূটনৈতিক মিশন প্রতিষ্ঠা করে কাতার। (ভোয়া ওয়েব পেজ:২০.০৪.২০২৪ রিহাব)

## বাংলাদেশ জুড়ে অনুভূত হচ্ছে তীব্র গরম, স্কুল-কলেজে ছুটি ঘোষণা

বাংলাদেশে আনুষ্ঠানিক গ্রীষ্মকাল শুরু হয়েছে এক সপ্তাহের কম সময় আগে। ইতোমধ্যেই তীব্র গরম অনুভূত হচ্ছে রাজধানী ঢাকাসহ সারা দেশে। কোথাও কোথাও চলছে তীব্র তাপপ্রবাহ। আবহাওয়া অফিস বলছে, তীব্র তাপপ্রবাহ প্রবণ অঞ্চলগুলো ছাড়াও, দেশের ব্যাপক অঞ্চল জুড়ে বিরাজ করছে মৃদু ও মাঝারি তাপপ্রবাহ। অনেক স্থানেই তাপমান ৪১ ডিগ্রি সেলসিয়াস ছাড়িয়েছে। এমন তপ্ত আবহওয়ার কারণে স্কুল-কলেজে ছুটি ঘোষণা করা হয়েছে। আগামী ৫ দিন পরিস্থিতির উন্নতির সম্ভাবনা নেই বলে সতর্ক করেছে আবহাওয়া দফতর।

শনিবার (২০ এপ্রিল) নিয়মিত বুলেটিনে সকাল ৯টা থেকে পরের ২৪ ঘণ্টার বার্তায় আবহাওয়া অফিস বলেছে, রাজশাহী, পাবনা ও টাঙ্গাইল জেলাসহ খুলনা বিভাগের ওপর দিয়ে তীব্র তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে। তাপ প্রবাহের সতর্কবার্তায় শুক্রবার (১৯ এপ্রিল) বলা হয়েছিলো, বাংলাদেশের দেশের ওপর দিয়ে চলমান তাপপ্রবাহ ৭২ ঘণ্টা অব্যাহত থাকতে পারে এবং তাপমাত্রা আরো বৃদ্ধি পেতে পারে। জলীয় বাষ্পের আধিক্যের কারণে অস্বস্তি বৃদ্ধি পেতে পারে। শনিবারের বুলেটিনে বলা হয়, ৫ দিনে চলমান অবস্থার উল্লেখযোগ্য পরিবর্তনের সম্ভাবনা নেই। চাঁদপুর ও মৌলভীবাজার জেলাসহ ঢাকা ও রাজশাহী বিভাগের অবশিষ্টাংশ এবং বরিশাল বিভাগের ওপর দিয়ে মৃদু থেকে মাঝারি ধরনের তাপপ্রবাহ বয়ে যাচ্ছে এবং তা অব্যাহত থাকতে পারে বলেও জানায় আবহাওয়া বিভাগ। বুলেটিনে বলা হয়, সারা দেশে দিন এবং রাতের তাপমাত্রা সামান্য বৃদ্ধি পেতে পারে।

জলীয় বাষ্পের আধিক্যের কারণে অস্বস্তি বৃদ্ধি পেতে পারে। ময়মনসিংহ, সিলেট ও চট্টগ্রাম বিভাগের দু-এক জায়গায় অস্থায়ীভাবে দমকা বা ঝড়ো হাওয়াসহ বৃষ্টি অথবা বজ্রসহ বৃষ্টি হতে পারে। সেই সঙ্গে কোথাও কোথাও বিক্ষিপ্তভাবে শিলা বৃষ্টি হতে পারে। এদিকে, দেশের অন্যত্র অস্থায়ীভাবে আংশিক মেঘলা আকাশসহ আবহাওয়া প্রধানত শুষ্ক থাকতে পারে বলে জানায় আবহাওয়া বিভাগ। সিনপটিক অবস্থা সম্পর্কে আবহাওয়া অফিস বলেছে, পশ্চিমা লঘুচাপের বর্ধিতাংশ পশ্চিমবঙ্গ ও তৎসংলগ্ন এলাকায় অবস্থান করছে। শুক্রবারের সর্বোচ্চ তাপমাত্রা ৪১ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয় চুয়াডাঙ্গায় এবং শনিবারের সর্বনিম্ন তাপমাত্রা ২২ দশমিক ৮ ডিগ্রি সেলসিয়াস রেকর্ড করা হয় কুড়িগ্রামের রাজারহাট ও সিলেটে। এছাড়া, শুক্রবার রাজধানী ঢাকার সর্বোচ্চ তাপমাত্রা ছিলো ৩৮ দশমিক ৪ ডিগ্রি সেলসিয়াস এবং চুয়াডাঙ্গায় মৌসুমের সর্বোচ্চ তাপমাত্রা ছিলো ৪১ দশমিক ৫ ডিগ্রি সেলসিয়াস।

বাগেরহাটের ওপর দিয়ে বয়ে যাচ্ছে তীব্র তাপপ্রবাহ। এতে অতিষ্ঠ হয়ে উঠেছে জনজীবন। শনিবার (২০ এপ্রিল) বিকাল ৩টায় মোংলা আবহাওয়া পর্যবেক্ষণ কেন্দ্র সর্বোচ্চ ৪১ দশমিক ৭ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা রের্কড করে। শুক্রবার (১৯ এপ্রিল) বাগেরহাটে তাপমাত্রা ৪০ ডিগ্রি সেলসিয়াস রের্কড করা হয়। বেলা বাড়ার সঙ্গে সঙ্গে সূর্যের তাপ বাড়তে থাকে এই এলাকায়। আবহাওয়া বিভাগ বলছে, বাগেরহাটের ওপর দিয়ে আরো কয়েকদিন তীব্র তাপপ্রবাহ বয়ে যেতে পারে। মোংলা আবহাওয়া পর্যবেক্ষণ কেন্দ্রের ভারপ্রাপ্ত কর্মকর্তা মো. হারুন অর রশিদ বলেন, গত কয়েকদিন ধরে বাগেরহাটে তীব্র তাপপ্রবাহ চলেছে। তিনি আরও বলেন, গত বুধ ও বৃহস্পতিবার বাগেরহাটে

তাপমাত্রা ছিল ৪০ ডিগ্রি সেলসিয়াস। তীব্র তাপপ্রবাহ আরো কয়েকদিন বয়ে যেতে পারে বলে জানান তিনি। শনিবার (২০ এপ্রিল) খুলনায় বছরের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৪১ দশমিক ২ ডিগ্রি সেলসিয়াস।

আবহাওয়া বিভাগ জানিয়েছে, এর আগে ২০২৩ সালের ১৬ এপ্রিল তাপমাত্রায় রেকর্ড করা হয়েছিল ৪১ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস। এমন তাপপ্রবাহে নিম্ন আয়ের শ্রমজীবী মানুষ পড়েছেন বিপাকে। তীব্র গরমে নাভিশ্বাস উঠেছে নগর জীবনে। সামর্থবান মানুষ জরুরি প্রয়োজন ছাড়া ঘর থেকে বের হচ্ছেন না। চলমান তাপপ্রবাহের কারণে আগামী ২৭ এপ্রিল (শনিবার) পর্যন্ত বন্ধ থাকবে বাংলাদেশের সব স্কুল, কলেজ, মাদরাসা ও কারিগরি শিক্ষাপ্রতিষ্ঠান। শনিবার (২০ এপ্রিল) শিক্ষা মন্ত্রণালয়ের জনসংযোগ কর্মকর্তা এম এ খায়েরের সই করা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়। ঈদের ছুটি শেষে আগামীকাল (২১ এপ্রিল) দেশের শিক্ষাপ্রতিষ্ঠান খোলার আগে এ বিজ্ঞপ্তি দেয়া হয়। এর আগে, বর্তমান তাপপ্রবাহ পরিস্থিতির পরিপ্রেক্ষিতে পরবর্তী নির্দেশ না দেয়া পর্যন্ত সারা দেশের সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অ্যাসেম্বলি বন্ধ রাখার নির্দেশ দেয়া হয়েছিলো। শনিবার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র তথ্য অফিসার মাহবুবুর রহমান তুহিন স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছিলো। বলা হয়েছিলো, দেশজুড়ে চলমান তাপপ্রবাহের ওপর প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় তীক্ষ্ণ নজর রাখছে।

(ভোয়া ওয়েব পেজ:২০.০৪.২০২৪ রিহাব)

## জাতিসংঘে পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তি বাস্তবায়নের অগ্রগতি তুলে ধরেছে বাংলাদেশ

আদিবাসী সংক্রান্ত জাতিসংঘের স্থায়ী ফোরামে,পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তি বাস্তবায়নের অগ্রগতি তুলে ধরেছে বাংলাদেশ প্রতিনিধি দল। যুক্তরাষ্ট্রের নিউইয়র্কে অবস্থিত জাতিসংঘ সদর দপ্তরে ১৫ এপ্রিল থেকে এই ফোরামের ২৩তম অধিবেশন শুরু হয়েছে; চলবে ২৬ এপ্রিল পর্যন্ত। জাতিসংঘের অর্থনৈতিক ও সামাজিক পরিষদের আওতায়, আদিবাসী সংক্রান্ত স্থায়ী ফোরাম বিশ্বব্যাপী আদিবাসীদের বিভিন্ন ইস্যু নিয়ে কাজ করে। চলমান আদিবাসী সংক্রান্ত স্থায়ী ফোরামেন অধিবেশনে পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মো. মশিউর রহমান পার্বত্য শান্তিচুক্তি বাস্তবায়ন এবং ক্ষুদ্র জাতিসত্তা, নৃ-গোষ্ঠী ও সম্প্রদায়ের উন্নয়ন ও অনন্য বৈশিষ্ট্যপূর্ণ আঞ্চলিক সংস্কৃতি এবং ঐতিহ্য সংরক্ষণ ও বিকাশে বাংলাদেশ সরকারের গৃহীত কার্যক্রম তুলে ধরেন।

অধিবেশনে পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব মো. মশিউর রহমানের নেতৃত্বে বাংলাদেশ প্রতিনিধি দল অংশগ্রহণ করছে। প্রতিনিধি দলে নয়েছেন, ভূমি মন্ত্রণালয়ের সচিব মো. খলিলুর রহমান এবং পার্বত্য চট্টগ্রাম উন্নয়ন বোর্ডের চেয়রাম্যান সুপ্রদীপ চাকমা এবং প্রধানমন্ত্রীর কার্যালয়, পররাষ্ট্র মন্ত্রণালয় ও জাতিসংঘে বাংলাদেশের স্থায়ী মিশনের প্রতিনিধিরা। সচিব মশিউর রহমান অধিবেশনে বলেন, বাংলাদেশের সংবিধান দেশের জনগনের মধ্যে ধর্ম, গোষ্ঠী, বর্ণ, নারী-পুরুষভেদ বা জন্মস্থান নির্বিশেষে সমঅধিকার প্রদান করেছে। গত ১৯৯৭ সালে ঐতিহাসিক পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তি সইয়ের মাধ্যমে পার্বত্য চট্টগ্রামে কয়েক দশকের সংঘাতের অবসান ঘটেছে এবং পার্বত্য চট্টগ্রামে বসবাসরত ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সদস্যদের, দেশের উন্নয়নের মূলধারায় সম্পৃক্ত করা সম্ভব হয়েছে। তিনি আরো জানান, একটি অন্তর্ভুক্তিমূলক এবং অংশগ্রহণমূলক প্রক্রিয়ার মাধ্যমে, চুক্তির ধারাগুলো বাস্তবায়নের প্রক্রিয়া অব্যাহত রয়েছে। মোট ৭২টি ধারার মধ্যে, ইতোমধ্যে ৬৫টি সম্পূর্ণরূপে বাস্তবায়িত হয়েছে, ৩টি আংশিকভাবে বাস্তবায়িত হয়েছে এবং ৪টি ধারা বাস্তবায়নাধীন রয়েছে। এছাড়া, পার্বত্য চট্রগ্রামে নিরাপত্তা নিশ্চিতকরণ, পরিবেশগত ভারসাম্য রক্ষা, ভূমি বিরোধ নিষ্পত্তির জন্য ডিজিটাল ভূমি জরিপ ও ব্যবস্থাপনা উদ্যোগসহ ওই অঞ্চলের সামগ্রিক উন্নয়ন সাধনে বাংলাদেশ সরকারের গৃহীত পদক্ষেপ সম্পর্কে ফোরামকে অবহিত করেন সচিব মশিউর রহমান।

পার্বত্য চট্টগ্রামের ৩ জেলায় ৩ জন প্রথাগত সার্কেল চিফ নানাবিধ প্রশাসনিক ও আইনি কর্তৃত্ব ভোগ করেন এবং প্রতিটি পার্বত্য জেলা পরিষদের চেয়ারম্যান এবং দুই-তৃতীয়াংশ সদস্য ক্ষুদ্র নৃ-গোষ্ঠী থেকে নির্বাচিত হন বলে উল্লেখ করেন পার্বত্য চট্রগ্রাম বিষয়ক মন্ত্রণালয়ের সচিব। তিনি ফোরামে জানান যে পার্বত্য চট্টগ্রাম আঞ্চলিক পরিষদের সঙ্গে পরামর্শ করে সরকার বিভিন্ন উন্নয়ন কর্মকাণ্ডে বিনিয়োগ অব্যাহত রেখেছে। জাতিসংঘের বেশ কয়েকটি সংস্থা এবং আন্তর্জাতিক উন্নয়ন সহযোগী প্রতিষ্ঠান ওই অঞ্চলে বিভিন্ন উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন করছে।

"স্পষ্টতই পার্বত্য চট্টগ্রাম শান্তি চুক্তির পর থেকে অঞ্চলের সার্বিক উন্নয়নে অসামান্য পরিবর্তন ঘটেছে;" বলেন সচিব মশিউর রহমান। বলেন, সরকার আইন প্রণয়ন করে ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর সংস্কৃতি, ভাষা ও ঐতিহ্য, রক্ষা ও প্রচারের জন্য বিশেষায়িত সাংস্কৃতিক প্রতিষ্ঠান স্থাপন করেছে। ফেরামে বাংলাদেশর পক্ষ থেকে জানানো হয় যে ৫টি ক্ষুদ্র নৃ-গোষ্ঠীর শিশুদের মাঝে তাদের নিজ নিজ ভাষায় বিনামূল্যে পাঠ্য পুস্তক নিয়মিতভাবে বিতরণ করা হচ্ছে। তৃতীয় ও চতুর্থ শ্রেণির সরকারি চাকরি এবং সরকারি শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তির জন্য ৫ শতাংশ হারে কোটা সংরক্ষিত আছে। বর্তমানে, জাতীয় সংসদে ৪ জন এবং মন্ত্রিসভায় ১ জন ক্ষুদ্র নৃগোষ্ঠীর সদস্য রয়েছেন বলে ফোরামকে অবহিত করেন সচিব মশিউর রহমান। (ভোয়া ওয়েব পেজ: ২০.০৪.২০২৪ রিহাব)

## রোহিঙ্গা প্রত্যাবাসনে ন্যায়বিচার ও জবাবদিহির পরিবেশ সৃষ্টিতে গুরুত্বারোপ করেছে জি-৭

সকল রোহিঙ্গা শরণার্থী ও বাস্তুচ্যুত ব্যক্তিদের স্বেচ্ছায়, নিরাপদে, মর্যাদার সঙ্গে ও স্থায়ী প্রত্যাবাসন এবং রোহিঙ্গা ও অন্যান্য জাতিগোষ্ঠীর বিরুদ্ধে সংঘটিত নৃশংসতার জন্য ন্যায়বিচার ও জবাবদিহির পরিবেশ সৃষ্টির প্রয়োজনীয়তার ওপর গুরুত্বারোপ করেছেন জি-৭ দেশগুলোর পররাষ্ট্রমন্ত্রীরা। এক যৌথ বিবৃতিতে, মিয়ানমারে অস্ত্র ও জেট ফুয়েল এবং

অন্যান্য দ্বৈত ব্যবহার উপযোগী উপকরণের প্রবাহ রোধ বা বন্ধ করার জন্য সব দেশের প্রতি তাদের আহবান পুনর্ব্যক্ত করেছেন জি-৭ দেশগুলোর পররাষ্ট্রমন্ত্রীরা। কানাডা, ফ্রান্স, জার্মানি, ইতালি, জাপান, যুক্তরাজ্য ও যুক্তরাষ্ট্রের পররাষ্ট্রমন্ত্রী এবং ইউরোপীয় ইউনিয়নের উচ্চ পর্যায়ের প্রতিনিধির এই যৌথ বিবৃতি শুক্রবার (১৯ এপ্রিল) প্রকাশ করেছে যুক্তরাষ্ট্রের পররাষ্ট্র দপ্তর।

বিবৃতিতে তারা একটি অর্থবহ ও টেকসই গণতান্ত্রিক প্রক্রিয়ার দিকে এগিয়ে যাওয়ার পথ পুনরুদ্ধারের লক্ষ্যে, অবিলম্বে যে কোনো সহিংসতা বন্ধ, গণতান্ত্রিকভাবে নির্বাচিত নেতাদের এবং নির্বিচারে আটক সব বন্দীর মুক্তির আহবান জানান এবং সব অংশীজনের সঙ্গে অন্তর্ভুক্তিমূলক সংলাপ শুরুর জন্য মিয়ানমার সেনাবাহিনীর প্রতি আহবান জানান। জি-৭ পররাষ্ট্রমন্ত্রীরা বলেন, “আমরা মিয়ানমারের সামরিক বাহিনীর প্রতি মানবাধিকার ও আন্তর্জাতিক মানবিক আইনের প্রতি শ্রদ্ধা দেখাতে, যে কোনো ধরনের জোরপূর্বক শ্রমে নিয়োগ করা থেকে বিরত থাকতে এবং সব বাস্তুচ্যুত ব্যক্তি ও অভাবী মানুষের কাছে দ্রুত, নিরাপদ ও অবাধ মানবিক প্রবেশাধিকার দেয়ার আহবান পুনর্ব্যক্ত করছি।”

এছাড়া, ৫ দফা ঐকমত্যের দ্রুত বাস্তবায়নে বিশ্বাসযোগ্য ও অন্তর্ভুক্তিমূলক প্রক্রিয়া এগিয়ে নিতে আসিয়ানের প্রচেষ্টার প্রতি তারা সমর্থন অব্যাহত রাখবেন বলে উল্লেখ করেন বিবৃতিতে। মিয়ানমারে সংঘটিত গুরুতর অপরাধের জন্য জবাবদিহি অপরিহার্য বলে উল্লেখ করেছে জি-৭ দেশগুলো। বলেছে, “আমরা জাতিসংঘ নিরাপত্তা পরিষদের রেজুলেশন ২৬৬৯ (২০২২) এর ব্যাপক বাস্তবায়নের গুরুত্ব তুলে ধরেছি। মিয়ানমার বিষয়ক নবনিযুক্ত জাতিসংঘের বিশেষ দূতের নেতৃত্ব এবং দেশটিতে আবাসিক সমন্বয়কারী নিয়োগ দেয়ার মাধ্যমে এই সংকটে জাতিসংঘের আরো সম্পৃক্ততাকে আমরা সমর্থন করি।” জি-৭ দেশগুলো মিয়ানমারের সামরিক অভ্যুত্থানের তীব্র নিন্দা এবং শান্তি, স্বাধীনতা ও গণতন্ত্রের জন্য দেশটির জনগণের প্রতি তাদের সমর্থন ও সংহতি পুনর্ব্যক্ত করেছে। বেসামরিক অবকাঠামোতে (বাড়িঘর, স্কুল, উপাসনালয় ও হাসপাতালসহ) সামরিক বাহিনীর অব্যাহত হামলা, বারবার ও গুরুতর মানবাধিকার লঙ্ঘন এবং উদ্বেগজনক মানবিক পরিস্থিতি; যা বিশেষ করে শিশু, নারী এবং সংখ্যালঘু ধর্মীয় ও জাতিগত গোষ্ঠীর সদস্যদের সবচেয়ে ঝুঁকিপূর্ণতে ঠেলে দেয়; সে রকম পরিস্থিতিকে সম্পূর্ণ অগ্রহণযোগ্য বলে উল্লেখ করেছে জি-৭ দেশগুলো। পররাষ্ট্রমন্ত্রীরা বিবৃতিতে বলেন, “আমরা সামরিক শাসকদের দ্বারা ২০১০ সালের বাধ্যতামূলক নিয়োগ আইনের সাম্প্রতিক প্রয়োগেরও নিন্দা জানাই।” যৌথ বিবৃতিতে বলা হয়েছে, তরুণদের জোরপূর্বক নিয়োগ কেবল অধিকতর সহিংসতা সৃষ্টি করতে পারে এবং প্রতিবেশী দেশগুলোতে ব্যাপক পালিয়ে যাওয়ার ঘটনার কারণ হতে পারে।
(ভোয়া ওয়েব পেজ: ২০.০৪.২০২৪ রিহাব)

## প্রধানমন্ত্রী শেখ হাসিনা: ‘খেলাধুলা শিশুদের যোগ্য নাগরিক হিসেবে গড়ে তুলতে পারে’

বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, শিশুরা লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা, শরীরচর্চা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণের মাধ্যমে নিজেদের যোগ্য নাগরিক হিসেবে গড়ে তুলতে পারে। শনিবার (২০ এপ্রিল) সকালে রাজধানী ঢাকার আর্মি স্টেডিয়ামে, বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেসা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্টের পুরস্কার বিতরণী অনুষ্ঠানে একথা বলেন তিনি। “আমি চাই আমাদের ছেলে-মেয়েরা লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা, ব্যায়াম ও সাংস্কৃতিক অনুষ্ঠানে অংশগ্রহণের মাধ্যমে দেশের যোগ্য নাগরিক হিসেবে নিজেদের গড়ে তুলবে;” বলেন শেখ হাসিনা।

তিনি বলেন, খেলাধুলা মানুষকে শারীরিক ও মানসিক শক্তি প্রদান করে এবং নিয়মানুবর্তিতা, আনুগত্য ও দেশপ্রেমের শিক্ষা দেয়। খেলাধুলার মাধ্যমে দেশকে আরো এগিয়ে নিয়ে যাওয়া যায় এবং বিশ্বের কাছে আরো ভালোভাবে পরিচিত করা যায়; যোগ করেন বাংলাদেশের প্রধানমন্ত্রী। শেখ হাসিনা বলেন, “আমরা দেখতে পাচ্ছি যে, আমাদের ছেলে-মেয়েরা বিশ্ব দরবারে খেলাধুলায় তাদের দক্ষতার পরিচয় দিচ্ছে।” এ প্রসঙ্গে তিনি, সাফ নারী ফুটবল চ্যাম্পিয়নশিপ ২০২২ এ বাংলাদেশের নারী ফুটবল দলের সাফল্যের কথা উল্লেখ করেন। বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট থেকে সেই দলের পাঁচজন খেলোয়াড় উঠে এসেছে বলে জানান শেখ হাসিনা। বলেন, সরকার বছরব্যাপী খেলাধুলার সুবিধা সৃষ্টির লক্ষ্যে, প্রতিটি উপজেলায় একটি করে মিনি স্টেডিয়াম নির্মাণ করছে। “আমরা প্রতিবন্ধী ও অটিস্টিক শিশুদের অনুশীলনের সুযোগ সৃষ্টি করছি এবং তাদের জন্য একাডেমি করে দিচ্ছি;” জানান প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি অন্যান্য খেলাধুলার পাশাপাশি, স্থানীয় খেলাধুলায় সমান সুযোগ করে দিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের প্রতি আহবান জানান। “ঘরোয়া খেলাধুলার মাধ্যমে শিশুরা তাদের মেধা বিকাশের সুযোগ পাবে;” বলেন বাংলাদেশের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। (ভোয়া ওয়েব পেজ:২০.০৪.২০২৪ রিহাব)

## ড. আইনুন নিশাত: ‘লেজুড়বৃত্তির ছাত্র রাজনীতি গ্রহণযোগ্য নয়’

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়-বুয়েটে অ্যালামনাই অ্যাসোসিয়েশনের সভাপতি ড. আইনুন নিশাত বলেছেন, ছাত্ররা লেজুড়বৃত্তির রাজনীতি করবে এটা গ্রহণযোগ্য নয়। শনিবার (২০ এপ্রিল) রাজধানী ঢাকার এফডিসিতে, বুয়েটে ছাত্র রাজনীতি ও শিক্ষার সুষ্ঠু পরিবেশ নিয়ে ডিবেট ফর ডেমোক্রেসি আয়োজিত বিতর্ক প্রতিযোগিতায়, প্রধান অতিথির বক্তব্যে তিনি এ কথা বলেন। “এখন ছাত্ররাজনীতির কথা শুনলে ভয় হয়। ছাত্ররাজনীতিতে র‍্যাগিং, চাঁদাবাজি, ক্ষমতার অপব্যবহার কাম্য নয়। ছাত্র রাজনীতি এখন লাভজনক পেশায় পরিণত হয়েছে;” যোগ করেন ড. আইনুন নিশাত। তিনি বলেন, বুয়েটের শিক্ষার্থীদের ভালো ফলাফলের জন্য ব্যাপক পড়াশোনা করতে হয়। তাই লেজুড়বৃত্তির

অপরাজনীতি বুয়েটের শিক্ষার্থীদের শিক্ষা-সহায়ক পরিবেশ বিঘ্নিত করে। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ডিবেট ফর ডেমোক্রেসির চেয়ারম্যান হাসান আহমেদ চৌধুরী কিরণ। তিনি বলেন, বুয়েট অ্যালামনাই সদস্যদের মতে, সেখানে ছাত্র সংসদ থাকতে পারে। তবে লেজুড়বৃত্তির রাজনীতি নয়। "আদালত ছাত্র রাজনীতির পরিধি নির্ধারণ করে নির্দেশনা প্রদান করলে, বিশ্ববিদ্যালয়সমূহ সে আলোকে আচরণবিধি প্রণয়ন করতে পারে;" উল্লেখ করেন হাসান আহমেদ চৌধুরী কিরণ। ছাত্র রাজনীতি নিয়ে উদ্ভুত পরিস্থিতির মধ্যে, বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয় বুয়েটে স্বাভাবিক শিক্ষা কার্যক্রম চালুর দাবি জানিয়েছে বিশ্ববিদ্যালয়ের শিক্ষক সমিতি। সোমবার (৮ এপ্রিল) এক বিবৃতিতে এ দাবি জানানো হয়। বুয়েট শিক্ষক সমিতি বিবৃতিতে বলেছে, "একটি শান্তিপূর্ণ, স্থিতিশীল ও নিষ্কলুষ ক্যাম্পাস আমাদের সবার কাম্য। সব অংশীজনের সহযোগিতা ও দায়িত্বশীল আচরণের মাধ্যমে অচিরেই সে অবস্থা ফিরে আসবে বলে শিক্ষক সমিতি দৃঢ়ভাবে বিশ্বাস করে।" উল্লেখ্য, গত ২৯ মার্চ ছাত্র রাজনীতি নিয়ে বুয়েটে আন্দোলন শুরু হয়। পরে আন্দোলনের বিষয়টি হাইকোর্ট পর্যন্ত গড়ায়। উচ্চ আদালতের পক্ষ থেকে বলা হয়, বুয়েটে ছাত্র রাজনীতি চলতে বাধা নেই। গত ২৮ মার্চ ছাত্রলীগের সভাপতি ক্যাম্পাসে প্রবেশ করলে, ছাত্রলীগ বুয়েট শাখা কমিটি গঠন করছে এমন তথ্য ছড়িয়ে পড়ে এবং উত্তেজনা সৃষ্টি করা হয়। এ সময় ছাত্রলীগের সঙ্গে সংশ্লিষ্ট থাকার অভিযোগে এক শিক্ষার্থীকে বহিষ্কার ও তার সঙ্গে থাকা অন্যান্য শিক্ষার্থীদের খুঁজে বের করে বহিষ্কারের দাবি জানানো হয়। সেইসঙ্গে বুয়েটে ছাত্ররাজনীতি নিষিদ্ধ রাখার সিদ্ধান্ত বহাল রাখার দাবি জানান আন্দোলনকারীরা। এর পর আন্দোলনের বিষয়টি গড়ায় হাইকোর্ট পর্যন্ত। এছাড়া, ক্যাম্পাসে ছাত্রলীগ নেতাদের সমাগম ঘটানোর কারণে, বুয়েট-এর শিক্ষার্থী ইমতিয়াজ রাহিম রাব্বীর আবাসিক হলের সিট বাতিলের সিদ্ধান্ত স্থগিত করে আদেশ দেয় হাইকোর্ট। মঙ্গলবার (৮ এপ্রিল) উচ্চ আদালত এই আদেশ দেয়। বুয়েটের ছাত্রাবাসে ২০১৯ সালের ১৬ নভেম্বর শিক্ষার্থী আবরার ফাহাদকে পিটিয়ে হত্যা করা হয়। সেই ঘটনার পর ২০১৯ সালের ১৬ নভেম্বর শিক্ষার্থীদের রাজনীতিতে অংশ না নিতে প্রজ্ঞাপন জারি করে বুয়েট কর্তৃপক্ষ। এরপর, গত বছরের ১৯ জুলাই শিক্ষক ও শিক্ষার্থীদের রাজনীতিতে অংশগ্রহণ নিষিদ্ধ- এই বিষয়টি আবার মনে করিয়ে দিয়ে প্রজ্ঞাপন জারি করে বুয়েট কর্তৃপক্ষ। ছাত্রলীগের কেন্দ্রীয় কমিটিতে বুয়েটের কয়েকজন শিক্ষার্থীর পদপ্রাপ্তির ঘটনা গণমাধ্যমে প্রকাশ ও সামাজিক মাধ্যমে আলোচিত হওয়ার পর, এ ঘোষণা দেয়া হয়েছিলো। সর্বশেষ প্রজ্ঞাপনে বলা হয়, বিশ্ববিদ্যালয়ের সব রাজনৈতিক সংগঠন এবং এর কার্যক্রম ইতোমধ্যে নিষিদ্ধ করা হয়েছে। সুতরাং, কোনো শিক্ষার্থী অনুমোদিত ক্লাব বা সোসাইটি ছাড়া কোনো রাজনৈতিক দলের বা এর অঙ্গ সংগঠনসহ অন্য কোনো সংগঠনের সদস্য হতে বা তার কার্যক্রমে অংশ নিতে পারবেন না। এছাড়া, বুয়েটের কোনো শিক্ষার্থীকে সামাজিক যোগাযোগমাধ্যমসহ অন্য কোনো মাধ্যমে তাহাদের সাংগঠনিক রাজনৈতিক পরিচয় ব্যবহার না করার জন্য কর্তৃপক্ষ নির্দেশ দেয়। (ভোয়া ওয়েব পেজ:২০.০৪.২০২৪ রিহাব)

## বাংলাদেশকে জলবায়ু সহিষ্ণু পানি ব্যবস্থাপনায় সহায়তা দেবে এডিবি

জলবায়ু পরিবর্তনের বিরূপ প্রভাব মোকাবেলায়, সক্ষমতা জোরদার করতে বাংলাদেশকে সহায়তা করতে, দেশটির সরকারের সঙ্গে একটি ঋণ চুক্তি স্বাক্ষর করেছে এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি)। শনিবার (২০ এপ্রিল) বাংলাদেশ সরকারের পক্ষে অর্থনৈতিক সম্পর্ক বিভাগের (ইআরডি) সচিব শাহরিয়ার কাদের সিদ্দিকী এবং এডিবি'র পক্ষে সংস্থার কান্ট্রি ডিরেক্টর এডিমন গিন্টিং এই ঋণ চুক্তিতে স্বাক্ষর করেন। চুক্তির আওতায়, বাংলাদেশের গোপালগঞ্জ ও মাদারীপুর জেলার গ্রামীণ জনগোষ্ঠীর বন্যা নিয়ন্ত্রণ, সেচ ও পানি সম্পদ ব্যবস্থাপনার উন্নয়নে, ৭ কোটি ১০ লাখ ডলার দেবে এডিবি। এডিমন গিন্টিং বলেন, "বন্যা নিয়ন্ত্রণ, সেচ ও পানি সম্পদ ব্যবস্থাপনার উন্নয়নের মাধ্যমে জলবায়ু পরিবর্তনের চ্যালেঞ্জ মোকাবেলায় বাংলাদেশকে সহায়তা করতে এডিবির নতুন প্রতিশ্রুতির প্রতিফলন এই প্রকল্প। এই অঞ্চলে আমাদের পূর্ববর্তী সফল প্রকল্পগুলোর ওপর ভিত্তি করে, নতুন প্রকল্পটি অর্থনৈতিক প্রবৃদ্ধি এবং উৎপাদনশীলতা আরো বৃদ্ধি করবে। একই সঙ্গে, নারী ও দুর্বল গোষ্ঠীর আয় বৃদ্ধি এবং টেকসই জীবিকা নির্বাহ করায় সহায়তা করবে।

এছাড়া বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের গ্রামীণ এলাকায় দারিদ্র্য হ্রাস করবে;" গিন্টিং উল্লেখ করেন। এই প্রকল্প বাংলাদেশের দক্ষিণ-পশ্চিমাঞ্চলের ৬ লাখের বেশি মানুষকে উপকৃত করবে বলে আশা করা হচ্ছে। এটি জলবায়ু-সহনশীল বন্যা নিয়ন্ত্রণ, নিষ্কাশন এবং সেচ (এফসিডিআই) ব্যবস্থা চালু করবে এবং লবণাক্ততা হ্রাস করবে। এডিবি জানায়, এফসিডিআই অবকাঠামো শক্তিশালী করতে এবং চারটি সাব-বেসিনের ড্রেনেজ ব্যবস্থা উন্নত করতে, প্রকৃতি ভিত্তিক সমাধান গ্রহণ করা হবে এই প্রকল্পের আওতায়। এছাড়া, প্রকল্পের মাধ্যমে সমন্বিত পানি ব্যবস্থাপনা পরিকল্পনা, পানি ব্যবস্থাপনা সংস্থার জন্য প্রশিক্ষণ কেন্দ্র এবং অন্যান্য কমিউনিটি অবকাঠামো নির্মাণ করা হবে।

প্রকল্পটি, স্থানীয় মালিকানা বৃদ্ধি করবে এবং স্থায়িত্ব নিশ্চিত করতে অংশগ্রহণমূলক পানি সম্পদ ব্যবস্থাপনা উৎসাহিত করবে। এটি বিভিন্ন স্থাপনার নকশা, নির্মাণ এবং পরিচালনা ও রক্ষণাবেক্ষণ করার বিষয়ে, পানি ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট গোষ্ঠীগুলোর ক্ষমতা জোরদার করবে এবং যৌথ ব্যবস্থাপনা কমিটি প্রতিষ্ঠায় সহায়তা করবে। নারী সদস্যপদ টার্গেট করে চারটি উপ-প্রকল্প এলাকায় পানি ব্যবস্থাপনা সংগঠন গঠনে সহায়তা বাড়ানো হবে এই প্রকল্পের আওতায়। উল্লেখ্য, বৈশ্বিক জলবায়ু ঝুঁকি সূচকের ভিত্তিতে, জলবায়ুর প্রভাব জনিত ঝুঁকির দিক থেকে বাংলাদেশের অবস্থান সপ্তম। বাংলাদেশ চরম আবহাওয়া এবং ধীরগতির জলবায়ু সংশ্লিষ্ট ঘটনার ক্রমবর্ধমান পুনরাবৃত্তি এবং তীব্রতার মুখোমুখি হচ্ছে। কার্যকর অভিযোজন ব্যবস্থার ঘাটতি, জলবায়ু পরিবর্তনশীলতা এবং গ্রামীণ সম্প্রদায়গুলো; বিশেষ

করে যেসব নারী তাদের জীবিকার জন্য জলবায়ু সংবেদনশীল কৃষি অনুশীলন এবং প্রাকৃতিক সম্পদের ওপর নির্ভর করে; এমন চরম ঘটনাগুলোর কারণে ২০৫০ সালের মধ্যে বাংলাদেশের কৃষির মোট দেশজ উৎপাদনের প্রায় ৩০ শতাংশ হারাতে পারে। (ভোয়া ওয়েব পেজ:২০.০৪.২০২৪ রিহাব)

## রেডিও তেহরান

### তীব্র দাবদাহ: সাত দিনের ছুটি স্কুল-কলেজে

বাংলাদেশে চলা তাপদাহের কারণে সব স্কুল-কলেজ এক সপ্তাহের ছুটি ঘোষণা করেছে সরকার। আজ (শনিবার) এ সিদ্ধান্ত জানিয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (মাউশি) এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। পৃথক বিবৃতিতে এ তথ্য জানানো হয়। প্রাথমিক ছাড়াও মাধ্যমিক পর্যায়ের স্কুল এবং কলেজের জন্যও একই সিদ্ধান্ত নেওয়া হয়েছে বলে জানিয়েছে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর।চলতি বছর বৈশাখের শুরু থেকেই মৃদু থেকে তীব্র তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। ফলে শিক্ষা প্রতিষ্ঠান বন্ধ রাখার পরামর্শ দিয়েছেন জনস্বাস্থ্য বিশেষজ্ঞরা। আজ সরকারি প্রাথমিক বিদ্যালয়ে অ্যাসেম্বলি বন্ধের নির্দেশও দিয়েছে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়। গরম অসহনীয় হয়ে ওঠায় গত বছরের জুনেও কয়েকদিনের জন্য প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় বন্ধ করেছিল সরকার। (রেডিও তেহরান: ২০৩০ ঘ. ২০.০৪.২০২৪ রুবাইয়া)

### বিএনপি রাজনৈতিক দলের পরিচয় দেওয়ার মতো গ্রহণযোগ্যতা হারিয়েছে: কাদের

বাংলাদেশ আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, বিএনপি রাজনৈতিক দলের পরিচয় দেওয়ার মতো গ্রহণযোগ্যতা হারিয়ে ফেলেছে। এ অবস্থায় তারা জনগণের কাছে না গিয়ে বিদেশিদের কাছে ধর্না দিচ্ছে। এটা তাদের পুরোনো কৌশল। আজ দুপুরে সেতু মন্ত্রী আরো বলেন আমরা জনগণের কাছে বিএনপির সন্ত্রাসের রাজনীতির ব্যাপারে ঘৃণার আগুন ছড়িয়ে দিতে পারি এবং তাদেরকে জনগণের কাছে আরও বিচ্ছিন্ন, আরও অপ্রাসঙ্গিক করে তোলার প্রয়াস চালাতে পারি।

এদিকে, বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব অ্যাডভোকেট রুহুল কবির রিজভী বলেছেন, এই সরকার চোরাবালির ওপর দাঁড়িয়ে আছে। রিজভী বলেন, শেখ হাসিনা এখনো আতঙ্কিত কারণ তিনি তো জানেন জনগণ তাকে ভোট দেয়নি। ওবায়দুল কাদেরের সমালোচনা করে রিজভী বলেন আওয়ামীলীগ প্রকাশ্যে কোনো কাজ করতে পারে না, তলে তলে কাজ করে। দেখবেন মুখে যেটা বলে তলে তলে করে আরেকটি।

(রেডিও তেহরান: ২০৩০ ঘ. ২০.০৪.২০২৪ রুবাইয়া)

## এনএইচকে

### ইরানের বিরুদ্ধে কথিত ইসরায়েলের হামলা সংযমের সাথে চালানো হয়েছে বলে বিশেষজ্ঞের মত

মধ্যপ্রাচ্য বিষয়ক একজন জাপানি বিশেষজ্ঞ, ইরানের বিরুদ্ধে ইসরায়েলের কথিত হামলাটি সংযমের সাথে চালানো হয়েছিল বলে মতপ্রকাশ করেছেন। মার্কিন সরকারি কর্মকর্তাদের বরাত দিয়ে যুক্তরাষ্ট্রের বিভিন্ন সংবাদ মাধ্যম, ইসরায়েল ইরানে হামলা চালিয়েছে বলে জানায়। গত সপ্তাহান্তে ইরানের বড় আকারের ক্ষেপণাস্ত্র ও ড্রোন হামলার জবাবে ইসরায়েল প্রতিশোধমূলক ব্যবস্থা নেয়ার হুমকি দিয়ে আসছিল। কেইও বিশ্ববিদ্যালয়ের অধ্যাপক তানাকা কোইচিরো গতকাল শুক্রবার এনএইচকে'কে প্রদত্ত এক সাক্ষাৎকারে বলেন যে, খবরটি তার কাছে বিস্ময়কর ছিলনা কারণ অবশ্যই এমনটি ঘটবে বলে তিনি নিশ্চিত ছিলেন।

অধ্যাপক বলেন যে, দৃশ্যত ইসরায়েল পরমাণু সংশ্লিষ্ট স্থাপনাগুলোর অবস্থান থাকা এলাকাটিতে হামলা চালিয়ে স্থানগুলো তার হামলার আওতার মধ্যে থাকার বিষয়ে নিজেদের সক্ষমতা প্রদর্শন করতে চেয়েছিল। কিন্তু তিনি এও বলেন যে, শুক্রবার ছুটির দিনের সকালে এই হামলা চালানো হয় যেদিন অনেক ব্যবসা প্রতিষ্ঠান ও সরকারী অফিস বন্ধ ছিল, যা হতাহতের সংখ্যা নিম্ন পর্যায়ে সীমিত রাখতে ইসরাইলের অভিপ্রায় নির্দেশ করে। ইরানের সম্ভাব্য প্রতিক্রিয়া হিসেবে তানাকা বলেন, তিনি বিশ্বাস করেন যে ইরান পুনরায় ইসরায়েলের বিরুদ্ধে পাল্টা হামলা বা আক্রমণ করতে হবে এমন পরিস্থিতিতে ঢুকে পড়া এড়ানোর চেষ্টা করছে।

তিনি মনে করেন যে, ইরান এই সিদ্ধান্তে উপনীত হয়েছে যে প্রতিশোধমূলক পদক্ষেপ নেয়ার প্রয়োজন নেই কারণ বাধা দেওয়া হয়েছে এবং কোনও গুরুতর ক্ষতি হয়নি। তিনি বলেন যে, ইরান ইসরায়েলের সঙ্গে যুদ্ধ বা সংঘর্ষ বৃদ্ধি এড়ানোর লক্ষ্যে কাজ করছে বলে প্রতীয়মান হচ্ছে। তবে ঘটনা কোন পথে এগিয়ে যায়, সেদিকে ঘনিষ্ঠ নজর রাখার প্রয়োজনীয়তার উপর গুরুত্ব আরোপ করেন এই অধ্যাপক। তিনি বলেন যে, যদি দেশ দুটি নিয়মিতভাবে পরস্পরের উপর আক্রমণ চালাতে থাকে, তাহলে একটি অপ্রত্যাশিত পরিস্থিতির সৃষ্টি হতে পারে।

(এনএইচকে ওয়েব পেজ:২০.০৪.২০২৪ রিহাব)

## ডয়চে ভেলে

### 'দল টিকিয়ে রাখা স্বার্থেই নির্বাচনে গিয়েছে জাতীয় পার্টি'

অনিচ্ছা সত্ত্বেও দলের স্বার্থে সবশেষ জাতীয় নির্বাচনে অংশ নেয়ার সিদ্ধান্ত নিয়েছিলেন বলে উল্লেখ করেছেন জাতীয় পার্টির চেয়ারম্যান জি এম কাদের। আওয়ামী লীগ তাদের 'রাজনৈতিক চরিত্র হারিয়েছে' বলেও মন্তব্য করেন তিনি। ইউটিউবে 'ডয়চে ভেলে খালেদ মুহিউদ্দীন জানতে চায়' টকশো-তে এবারের অতিথি হিসেবে ছিলেন জাতীয় পার্টির

(জাপা) চেয়ারম্যান জি এম কাদের। সবশেষ জাতীয় নির্বাচনে জাতীয় পার্টির অংশগ্রহণ, দেশের রাজনৈতিক পরিস্থিতি, রাজনীতিতে ভারতের প্রভাব নিয়ে নানা প্রশ্নের জবাব দেন তিনি।

আওয়ামী লীগ মুক্তিযুদ্ধের পক্ষের শক্তি হিসেবে নিজেদের সবসময় উপস্থাপন করলেও তারাই স্বাধীনতার বিপক্ষের শক্তি বলে মন্তব্য করেন এই নেতা। জি এম কাদের বলেন, ''তারা (আওয়ামী লীগ) বলে তারা স্বাধীনতার পক্ষে, মুক্তিযুদ্ধের পক্ষে, এটা একটা ডাহা উল্টো কথা। আমি মনে করি তারা সম্পূর্ণভাবে মুক্তিযুদ্ধের বিপক্ষের শক্তি।'' আওয়ামী লীগের শাসন ব্যবস্থার কারণে বাংলাদেশ প্রজাতন্ত্রের বদলে 'স্বৈরতন্ত্রে' পরিণত হয়েছে বলেও মন্তব্য করেন তিনি। তিনি বলেন, ''তারা এখন একটা কাল্ট হয়ে গেছে। তার এখন আর রাজনৈতিক দল নেই। কাল্ট মানে একটা নেতাভিত্তিক এবং কিছু রিচ্যুয়ালসভিত্তিক একটা সংগঠন, যাদের নেতার প্রতি কঠোর আনুগত্য থাকতে হয়।...এটা তাদের মধ্যে দেখা যাচ্ছে।''

ভারতের সঙ্গে জাতীয় পার্টির সম্পর্ক এবং বাংলাদেশের রাজনীতিতে দিল্লির আশীর্বাদ জরুরি কিনা সঞ্চালক খালেদ মুহিউদ্দীনের এমন প্রশ্নের জবাবে জি এম কাদের বলেন, ''বাংলাদেশে ভারতের ইন্টারেস্ট রয়েছে। সেটা নিরাপত্তা বিবেচনায়। আমাদের সাথেও তাদের ভালো সম্পর্ক রয়েছে। তবে তাদের সমর্থন ছাড়া কেউ ক্ষমতায় আসতে পারবে না এটা সঠিক নয়।'' চলতি বছর অনুষ্ঠিত বাংলাদেশের সবশেষ জাতীয় নির্বাচনে অংশগ্রহণ প্রসঙ্গে তিনি বলেন, ''নির্বাচনে না গেলে জাতীয় পার্টি ও আমি হারিয়ে যেতাম।'' যে কোনভাবেই নির্বাচন হয়ে যেত এমন ধারণা তিনি করেছেন বলে জানান। বড় দুই রাজনৈতিক দল আওয়ামী লীগ ও বিএনপি মুদ্রার এপিঠ-ওপিঠ বলে মনে করেন জি এম কাদের। তিনি বলেন বিএনপি যা করেছিল আওয়ামী লীগও একই ঘটনার পুনরাবৃত্তি করছে। জাতীয় পার্টি কি এক নেতার এক দল হয়েই থাকবে এমন প্রশ্নের জবাবে জি এম কাদের বলেন, ''সব দলই এক নেতার দল। আমরা বরং মহাসচিব পরিবর্তন করেছি।'' (ডয়চে ভেলে ওয়েবে পেজ:২০.০৪.২০২৪ রিহাব)

## তাপপ্রবাহে বাড়ছে রোগী, হিটস্ট্রোকে দুই জনের মৃত্যু

তীব্র তাপপ্রবাহের কারণে পাবনা ও চুয়াডাঙ্গায় হিট স্টোকে দুই জনের মৃত্যু হয়েছে। উদ্ভূত পরিস্থিতিতে দেশের শিক্ষা প্রতিষ্ঠানে এক সপ্তাহ ছুটি ঘোষণা করা হয়েছে। দেশের প্রায় সব অঞ্চলেই তাপপ্রবাহ বইছে। এরমধ্যে ৯টি অঞ্চলে তীব্র তাপপ্রবাহ বইছে। এসব অঞ্চলে তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৪০ ডিগ্রির উপরে। তাপপ্রবাহের সঙ্গে বাড়ছে হাসপাতালে রোগী। বিশেষ করে শিশু ও বয়স্ক মানুষ বেশি অসুস্থ হচ্ছেন।

একসঙ্গে এত অঞ্চলের তাপমাত্রা বেশি হওয়ার রেকর্ড বাংলাদেশে গত কয়েক বছরে উঠেছে কিনা, তার ঠিক তথ্য নেই আবহাওয়া অধিদপ্তরে। সংস্থাটি বলছে, আবহাওয়া এমন থাকতে পারে আগামী ১০ দিন পর্যন্ত। এমনকি তাপমাত্রা ৪৪ ডিগ্রি ছাড়াতে পারে বলেও শঙ্কা প্রকাশ করেছেন তারা। এদিকে দেশজুড়ে জারি হওয়া হিট অ্যালার্টও আগের মতো বলবৎ আছে। শনিবার বিকেলে সর্বোচ্চ তাপমাত্রা যশোরে ৪২ দশমিক ৬ ডিগ্রি রেকর্ড করা হয়েছে।

আবহাওয়াবিদ ড. আবুল কালাম মল্লিক ডয়চে ভেলেকে বলেন, "এই তাপপ্রবাহ চলতি সপ্তাহজুড়ে থাকতে পারে। আমরা পরবর্তী ১০ দিন পর্যন্ত আবহাওয়া পর্যবেক্ষণ করতে পারি। তাদের তাপমাত্রা কমার কোনো লক্ষণ নেই। তিন দিনের হিট অ্যালার্ট জারি আছে। আজকে একসঙ্গে ৯টি অঞ্চলে তাপমাত্রা যে ৪০ ডিগ্রির উপরে উঠেছে, এর আগে কবে এমন উঠেছিল কি না তা এখনই বলা সম্ভব না। আমরা তথ্য বিশ্লেষণ করছি। সর্বশেষ পাবনায় গত বছরে একদিন ৪৩ ডিগ্রিতে তাপমাত্রা উঠেছিল। এটা সম্ভবত সর্বোচ্চ তাপমাত্রা।"

চলমান তীব্র তাপদাহের কারণে সারা দেশে স্কুল, কলেজ ও মাদ্রাসা ছুটি ঘোষণা করেছে সরকার। ঘোষণা অনুযায়ী, প্রাথমিক বিদ্যালয় আগামী ২৭ এপ্রিল পর্যন্ত এবং মাধ্যমিক পর্যায়ের স্কুল, কলেজ ও মাদ্রাসায় আগামী ২৮ এপ্রিল পর্যন্ত ছুটি ঘোষণা করা হয়েছে। তবে আবহাওয়া পরিস্থিতি পরিবর্তন সাপেক্ষে এই সিদ্ধান্ত পরিবর্তন হতে পারে বলেও জানানো হয়েছে। শনিবার প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় এক বিজ্ঞপ্তিতে একথা জানায়। এদিকে শিক্ষা মন্ত্রণালয়ের এক বিজ্ঞপ্তিতে বলা হয়, চলমান তাপদাহ ও আবহাওয়া দপ্তরের সতর্কতা জারির প্রেক্ষিতে আগামী ২৮ এপ্রিল পর্যন্ত দেশের সব স্কুল, কলেজ ও মাদ্রাসায় ছুটি ঘোষণা করা হয়েছে।

ঢাকা বিশ্ববিদ্যালয়ের ডিজাস্টার সায়েন্স অ্যান্ড ক্লাইমেট রেজিলিয়েন্স বিভাগের প্রধান অধ্যাপক ড. জিল্লুর রহমান ডয়চে ভেলেকে বলেন, "আবহাওয়ার পরিবর্তনের কারণে এমনটা হচ্ছে। আমরা যেটা বুঝতে পারি, এখন আবহাওয়া এক ধরনের অনিয়মিত অবস্থায় চলে গেছে। বাংলাদেশ ষড়ঋতুর দেশ। আগে আমরা ঋতু ধরে বলতে পারতাম কখন কী হবে। কিন্তু এখন সেটা বলা সম্ভব না। এটা শুধু বাংলাদেশের ক্ষেত্রে না, সারা বিশ্বেই এমন অবস্থা। এটার জন্য আমরা নিজেরাই দায়ী। আমরা জীবাশ্ম জ্বালানির ব্যবহার বাড়িয়ে দিয়েছি। আরেকটা বিষয় হলো শিল্পায়নের আগে যে তাপমাত্রা ছিল, শিল্পায়নের পর তাপমাত্র এক ডিগ্রি বেড়ে গেছে। ফলে আমরা যে উষ্ণতার দিকে যাচ্ছি, সেটা তো আগে থেকেই ধারণা করা হয়েছিল। এখন সেটাই হচ্ছে।"

এদিকে তীব্র তাপপ্রবাহে পাবনা শহরে হিট স্ট্রোকে একজনের মৃত্যু হয়েছে। সুকুমার দাস (৬০) নামে ওই ব্যক্তি শনিবার দুপুরে পাবনা শহরের রূপকথা রোডে একটি চায়ের দোকানে চা খাওয়ার সময় হিট স্ট্রোক হয়। এ সময় আশপাশের লোকজন তাকে উদ্ধার করে পাবনা জেনারেল হাসপাতালে নিয়ে গেলে কর্তব্যরত চিকিৎসক মৃত ঘোষণা করেন। সুকুমার দাস শহরের শালগাড়িয়ার জাকিরের মোড়ের বাসিন্দা। অন্যদিকে চুয়াডাঙ্গায় হিট স্ট্রোকে জাকির

হোসেন (৩৩) নামের এক কৃষকের মৃত্যু হয়। শনিবার সকালে তিনি মাঠে গেলে হিট স্ট্রোকে আক্রান্ত হন। পরে হাসপাতালে নেওয়ার পথে মারা যান। গত কয়েকদিন ধরে চুয়াডাঙ্গায় সর্বোচ্চ তাপমাত্রা চলছিল। জাকির হোসেনের বাবা আমির হোসেন বলেন, "তীব্র গরমে মাঠের ধান মরার মতো অবস্থা। ধানের জমিতে সেচ দেওয়ার জন্য সকাল ৮টার দিকে মাঠে যায় জাকির হোসেন। মাঠে যাওয়ার ঘণ্টাখানেক পর খবর পাই ছেলের স্ট্রোক হয়েছে। মাঠের অন্য কৃষকেরা ছেলেকে উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাচ্ছিলেন। পথের মধ্যেই সে মারা যায়।"

আবহাওয়ার এই পরিবর্তন কেন? জানতে চাইলে ঢাকা বিশ্ববিদ্যালয়ের দুর্যোগ ব্যবস্থাপনা বিভাগের অধ্যাপক ও ব্র্যাকের দুর্যোগ ব্যবস্থাপনা ও জলবায়ু পরিবর্তন কর্মসূচির পরিচালক গওহাব নঈম ওয়ারা ডয়চে ভেলেকে বলেন, "খুব বেশি পরিবর্তন তো আমি দেখছি না। গরম কালে তো গরম পড়বেই। তবে আবহাওয়ার কিছু পরিবর্তন তো আছেই। আর আমরাই আসলে এই পরিবর্তনের জন্য দায়ী। গাছ কেটে আমরা কংক্রিটের শহর বানাচ্ছি। আবার ঢাকা শহরেই দেখেন রমনা পার্কে তাপমাত্রা কত? আর মতিঝিলে তাপমাত্রা কত? এক শহরেই দুই রকম অবস্থা। শুধু তাই না, ঢাকা শহরে যে গাছগুলো দেখা যাচ্ছে সেগুলো ইউক্যালেকটাস বা শিমুল কাছ। এগুলো তো আমাদের গাছ না, আমাদের নিজেদের যে গাছ সেগুলো থাকলেও পরিস্থিতির উন্নতি হতো। আবার দেখেন, কিছুদিন ধরে আমরা লক্ষ্য করছি, চুয়াডাঙ্গায় সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হচ্ছে। এর কারণ কী জানেন? তাপমাত্রা মাপার যে যন্ত্র সেটা চুয়াডাঙ্গাতে বসানো হয়েছে, সে কারণে ওখানের তাপমাত্রা বেশি দেখাচ্ছে। পাশের জেলা মেহেরপুরের তাপমাত্রা কি কম? আসলে না। এমন অনেক অসঙ্গতি আছে।"

তাপদাহের কারণে বাড়ছে রোগবালাই, হাসপাতালে তৈরি হচ্ছে রোগীর বাড়তি চাপ। দেশের ওপর দিয়ে বয়ে যাওয়া তাপপ্রবাহের তীব্রতা আরও বাড়ার শঙ্কায় তিন দিনের জন্য হিট অ্যালার্ট জারি করেছে আবহাওয়া অফিস। গরমের তীব্রতার সঙ্গে পাল্লা দিয়ে বাড়ছে রোগবালাই। প্রচণ্ড গরমে ডায়ারিয়া, পেটের পীড়া, ঠান্ডা, জ্বর-কাশি, নিউমোনিয়া, শ্বাসকষ্ট, পানিশূন্যতা, হিটস্ট্রোক হচ্ছে। তীব্র গরমের কারণে সব থেকে বেশি ঝুঁকিতে থাকে অসুস্থ, বয়স্ক ও শিশুরা। এমন পরিস্থিতিতে প্রয়োজন ছাড়া ঘরের বাইরে বের না হওয়ার পাশাপাশি প্রচুর পরিমাণ বিশুদ্ধ পানি ও তরল খাবার খাওয়ার পরামর্শ দিচ্ছেন চিকিৎসকরা।

ইমেরিটাস অধ্যাপক ডা. এ বি এম আবদুল্লাহ ডয়চে ভেলেকে বলেছেন, কয়েক দিনের তাপপ্রবাহের কারণে হিট স্ট্রোকে আক্রান্ত হওয়ার ঝুঁকি বাড়ছে। গরমের সময়ের একটি মারাত্মক স্বাস্থ্যগত সমস্যার নাম হিট স্ট্রোক। চিকিৎসা শাস্ত্র অনুযায়ী, প্রচণ্ড গরম আবহাওয়ায় শরীরের তাপ নিয়ন্ত্রণ ক্ষমতা নষ্ট হয়ে শরীরের তাপমাত্রা ১০৫ ডিগ্রি ফারেনহাইট ছাড়িয়ে গেলে ঘাম বন্ধ হয়ে যায় এবং আক্রান্ত ব্যক্তি অজ্ঞান হয়ে যেতে পারে, তাকে হিট স্ট্রোক বলে।

শিশু ও বৃদ্ধদের তাপ নিয়ন্ত্রণ ক্ষমতা কম থাকায় হিট স্ট্রোকের সম্ভাবনা বেড়ে যায়। এ ছাড়া বয়স্ক ব্যক্তিরা যেহেতু প্রায়ই বিভিন্ন রোগে ভোগেন যেমন উচ্চ রক্তচাপ, ডায়াবিটিস, কিডনি, লিভার বা হার্টের রোগী, স্ট্রোক বা ক্যানসারজনিত রোগে যারা ভোগেন, এমনকি যে কোনো কারণে যাদের রোগ প্রতিরোধ ক্ষমতা কম কিংবা নানা ওষুধ সেবন করেন, যা হিট স্ট্রোকের ঝুঁকি বাড়ায়। ফলে গরমের দিনে কিছু সতর্কতা মেনে চললে হিট স্ট্রোকের বিপদ থেকে বেঁচে থাকা যায়। প্রচুর পানি ও অন্যান্য তরল পান করতে হবে। গরমে ঘামের সঙ্গে পানি ও লবণ দুইই বের হয়ে যায়। তাই পানির সঙ্গে সঙ্গে লবণযুক্ত পানীয় যেমন-খাবার স্যালাইন, ফলের রস, লাচ্ছি ইত্যাদিও পান করতে হবে।"

রাজধানীর আগারগাঁওয়ে বাংলাদেশ শিশু হাসপাতালের পরিচালক অধ্যাপক ডা. জাহাঙ্গীর আলম ডয়চে ভেলেকে জানিয়েছেন, "বর্তমানে প্রচণ্ড গরমে ঠান্ডা, কাশি, জ্বর ও নিউমোনিয়ার রোগী বেশি আসছে। আমাদের হাসপাতালে গরমে রোগীর সংখ্যা বেড়ে যায়, এখন কিছুটা রোগী বেড়েছে। এখন নিউমোনিয়া আক্রান্ত রোগীর সংখ্যা বেশি।"
(ডয়চে ভেলে ওয়েবে পেজ:২০.০৪.২০২৪ রিহাব)

## রেডিও টুডে

### উপজেলা নির্বাচনে মন্ত্রী–সংসদ সদস্যদের স্বজনদের সরে দাঁড়াতে হবে: ওবায়দুল কাদের

আওয়ামী লীগের সাধারণ সম্পাদক সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের জানিয়েছেন আগামী উপজেলা পরিষদ নির্বাচনে যেসব প্রার্থী বর্তমান কোন সংসদ সদস্য বা মন্ত্রীর নিকটজন তাদেরকে নির্বাচন থেকে সরে দাঁড়ানোর নির্দেশ দেয়া হয়েছে। শনিবার সকালে রাজধানীর ধানমন্ডিতে আওয়ামীলীগ সভাপতির রাজনৈতিক কার্যালয়ে আয়োজিত এক সংবাদ ব্রিফিংয়ে একথা জানান। এ সময় ওবায়দুল কাদের বিএনপির সমালোচনা করে বলেন বিএনপি রাজনৈতিক পরিচয় হারিয়ে এখন একটা সন্ত্রাসী দলে পরিণত হয়েছে। জনগণের দল হিসেবে বিএনপি তার গ্রহণযোগ্যতা, বিশ্ব যোগ্যতা হারিয়ে ফেলেছে। তাই বিএনপি এখন জনগণের কাছে না গিয়ে বিদেশিদের কাছে যাচ্ছে।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২০.০৪.২০২৪ আসাদ)

### সরকারি-বেসরকারি পর্যায়ে হজের খরচ কমানো হয়েছে

এবছর সাধারণ হজ প্যাকেজের খরচ সরকারিভাবে ১লাখ৪ হাজার ১৭৮ টাকা এবং বেসরকারিভাবে ৮২,৮১৮ টাকা কমানো হয়েছে বলে জানিয়েছেন ধর্মমন্ত্রী মো. ফরিদুল হক খান। শনিবার সকালে রাজধানীর ওসমানী স্মৃতি মিলনায়তনে হজ যাত্রা প্রশিক্ষণ-২০২৪ এর উদ্বোধনী অনুষ্ঠানে এসব কথা বলেন তিনি। ধর্মমন্ত্রী বলেন হজ যাত্রীরা

যাতে একেবারেই যৌক্তিক খরচে হজ পালন করতে পারেন সে বিষয়ে সরকার তৎপর রয়েছে। যাত্রীদের নিবন্ধন থেকে শুরু করে দাপ্তরিক যে প্রক্রিয়াগুলো আরো কিভাবে সহজ করা যায় সে বিষয়ে কাজ করা হচ্ছে।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২০.০৪.২০২৪ আসাদ)

## তীব্র তাপপ্রবাহের কারণে প্রাথমিক বিদ্যালয়গুলোতে অ্যাসেম্বলি আপাতত বন্ধ

সারা দেশে চলমান তীব্র তাপপ্রবাহের কারণে প্রাথমিক বিদ্যালয়গুলোতে অ্যাসেম্বলি আপাতত বন্ধ রাখার নির্দেশ দেওয়া হয়েছে। শনিবার প্রাথমিক ও ও গণশিক্ষা মন্ত্রণালয়ের প্রাথমিক শিক্ষা অধিদপ্তরের সহকারী পরিচালক মো. তৌহিদুল ইসলাম স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এই নির্দেশনা দেওয়া হয়েছে। বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, 'দেশজুড়ে বহমান তাপদাহের ওপর প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় তীক্ষ্ণ নজর রাখছে। পরিস্থিতি বিবেচনায় দেশের সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অ্যাসেম্বলি পরবর্তী নির্দেশনা দেওয়া না পর্যন্ত বন্ধ থাকবে।'
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২০.০৪.২০২৪ আসাদ)

## এবারের ঈদযাত্রায় সড়ক দুর্ঘটনা নিহত হয়েছেন ৪০৭ জন

এবার ঈদুল ফিতরে ৩৯৯টি সড়ক দুর্ঘটনা ঘটেছে। এতে ৪০৭ জন মানুষ নিহত হয়েছেন। আহত হয়েছেন ১ হাজার ৩৯৮ জন। এ সময়ে রেলপথে ১৮টি দুর্ঘটনায় ২৪ জন নিহত, ২১ জন আহত হয়েছেন। নৌ-পথে ২টি দুর্ঘটনায় ৭ জন নিহত, ৫ জন আহত হয়েছেন। সড়ক, রেল ও নৌ পথে সর্বমোট ৪১৯টি দুর্ঘটনায় জন ৪৩৮ নিহত ও ১ হাজার ৪২৪ জন আহত হয়েছেন।ঢাকা রিপোর্টার্স ইউনিটির সাগর-রুনি মিলনায়তনে শনিবার এক সংবাদ সম্মেলনে বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতির মহাসচিব মোহাম্মদ মোজাম্মেল হক চৌধুরীর এসব তথ্য জানান। সংগঠনটি ঈদযাত্রায় সড়ক দুর্ঘটনা প্রতিবেদন প্রকাশ উপলক্ষ্যে এ সংবাদ সম্মেলনের আয়োজন করে।

লিখিত বক্তব্যে মোজাম্মেল হক চৌধুরী বলেন, ঈদযাত্রা শুরুর দিন ৪ এপ্রিল থেকে ঈদ শেষে কর্মস্থলে ফেরা ১৮ এপ্রিল পর্যন্ত বিগত ১৫ দিনে ৩৯৯টি সড়ক দুর্ঘটনায় ৪০৭ জন নিহত ১ হাজার ৩৯৮ জন আহত হয়েছে। গত ২০২৩ সালের ঈদুল ফিতরে ৩০৪টি সড়ক দুর্ঘটনায় ৩২৮ জন নিহত ও ৫৬৫ জন আহত হয়েছিল। বিগত বছরের সঙ্গে তুলনা করলে এবারের ঈদে সড়ক দুর্ঘটনা ৩১.২৫ শতাংশ, প্রাণহানি ২৪.০৮ শতাংশ, আহত ১৪৭.৪৩ শতাংশ বেড়েছে।প্রতিবেদনে দেখা যায়, বরাবরের মতো এবারও দুর্ঘটনার শীর্ষে রয়েছে মোটরসাইকেল। এবারের ঈদে ১৯৮টি মোটরসাইকেল দুর্ঘটনায় ১৬৫ জন নিহত ও ২৪০ জন আহত হয়েছেন।যা মোট সড়ক দুর্ঘটনার ৪৯.৬২ শতাংশ, নিহতের ৪০.৫৪ শতাংশ এবং আহতের ৩০.৩৭ শতাংশ প্রায়। বাংলাদেশ যাত্রী কল্যাণ সমিতির সড়ক দুর্ঘটনা মনিটরিং সেলের সদস্যরা বহুল প্রচারিত ও বিশ্বাসযোগ্য জাতীয়ও আঞ্চলিক বিভিন্ন গণমাধ্যমে প্রকাশিত সংবাদের পাশাপাশি জাতীয় অর্থোপেডিক হাসপাতাল ও পুনর্বাসন কেন্দ্র থেকে দুর্ঘটনার এই চিত্র পাওয়া গেছে।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২০.০৪.২০২৪ আসাদ)

## বাংলাদেশ চলচ্চিত্র সমিতির নতুন সভাপতি মিশা সওদাগর সাধারণ সম্পাদক ডিপজল

বাংলাদেশ চলচ্চিত্র শিল্পী সমিতির নির্বাচনের ফলাফল পাওয়া গেছে। এবারের নির্বাচনে ২০২৪-২৬ মেয়াদের জন্য সভাপতি পদে জয়ী হয়েছেন অভিনেতা মিশা সওদাগর। সাধারণ সম্পাদক পদে জয়ী হয়েছেন অভিনেতা মনোয়ার হোসেন ডিপজল।সভাপতি পদে মিশা সওদাগর ২৬৫ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বী মাহমুদ কলি পেয়েছেন ১৭০ ভোট। সাধারণ সম্পাদক পদে মনোয়ার হোসেন ডিপজল পেয়েছেন ২২৫। ১৭ ভোট কম পেয়েছেন তার নিকটতম প্রতিদ্বন্দ্বী নিপুণ আক্তার।শনিবার সকাল ৬টা ৪৫ মিনিটের দিকে এ ফলাফল ঘোষণা করা হয়।মিশা-ডিপজল ছাড়াও সহ-সভাপতি পদে জয়লাভ করেছেন মাসুম পারভেজ রুবেল ও ডি এ তায়েব। সহ-সাধারণ সম্পাদক পদে জিতেছেন আরমান। সাংগঠনিক সম্পাদক পদে জয়লাভ করেছেন জয় চৌধুরী। আন্তর্জাতিক বিষয়ক সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন আলেকজান্ডার বো। দফতর ও প্রচার সম্পাদক পদে জয়লাভ করেছেন জ্যাকি আলমগীর। সংস্কৃতি ও ক্রীড়া সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন কলি-নিপুণ প্যানেলের মামনুন ইমন। কোষাধ্যক্ষ নির্বাচিত হয়েছেন কমল।গতকাল শুক্রবার সকাল ৯টা ৩০ মিনিটে শুরু হয় ভোটগ্রহণ। চলে বিকেল সাড়ে ৫টা পর্যন্ত। উৎসবমুখর পরিবেশে ভোট দেন ৪৭৫ জন শিল্পী।নির্বাচন কমিশন সূত্রে জানা গেছে, ৫৭০ ভোটের মধ্যে ভোট পড়েছে ৪৭৫টি। এবার প্রধান নির্বাচন কমিশনার হিসেবে দায়িত্ব পালন করছেন প্রযোজক খোরশেদ আলম খসরু।
(রেডিও টুডে:১৩৪৫ ঘ. ২০.০৪.২০২৪ আসাদ)

## দেশের ৯৫ শতাংশ জনগণ আওয়ামী লীগকে ভোট দেয়নি : রিজভী

বিএনপি'র সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী বলেছেন দেশের জনগণ আওয়ামী লীগকে ভোট দেয়নি বলে সরকার এখনো আতঙ্কিত। দেশের ৯৫ শতাংশ জনগণ তাদের ভোট দেয়নি এমন মন্তব্য করে রিজভী বলেন অবৈধ নির্বাচন প্রক্রিয়ায় গঠিত অবৈধ সরকার চোরাবালির উপর দাঁড়িয়ে আছে। যেকোনো সময় এই গতি বালুর মধ্যে ডুবে যেতে পারে। শনিবার দুপুরে রাজধানীর নয়া পল্টনে বিএনপির কেন্দ্রীয় কার্যালয়ের সামনে এক প্রতিবাদ সমাবেশে যোগ দিয়ে এমন বক্তব্য দেন তিনি। এর আগে ঢাকা মহানগর দক্ষিণ বিএনপি নেতা হাবিবুর রশিদ হাবিবের মুক্তি

দাবিতে নয়া পল্টনে বিক্ষোভ মিছিল করার চেষ্টা করে দলটির নেতা কর্মীরা। কিন্তু পুলিশ তাদের মিছিল করতে বাধা দিয়ে মাইক জব্দ করে নিয়ে যায়। (রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২০.০৪.২০২৪ আসাদ)

**গণমাধ্যমের কণ্ঠ রোধ করে অপতথ্য রোধ করা সম্ভব নয়: তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী**

গণমাধ্যমের কণ্ঠ রোধ করে অপতথ্য রোধ করা সম্ভব নয় তাই অপতথ্য রোধ করতে একটি স্বচ্ছ প্রক্রিয়ায় নীতিমালা তৈরিতে সরকার কাজ করছে বলে মন্তব্য করেছেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ এ আরাফাত। প্রতিমন্ত্রী হওয়ার ১০০ তম দিনে শনিবার দুপুরে ঢাকা রিপোর্টার্স ইউনিটিতে মিট দা রিপোর্টার্স অনুষ্ঠানে যোগ দিয়ে এমন মন্তব্য করেন তিনি। তথ্য প্রতিমন্ত্রী বলেন অপতথ্য রাষ্ট্র কে ঝুঁকির মধ্যে ফেলছে তাই এ সমস্যার ওদের সরকারের ভূমিকার পাশাপাশি গণমাধ্যমকেও ভূমিকা পালন করতে হবে। তথ্য পাওয়ার অধিকার বাস্তবে নিশ্চিত করে সাংবাদিকের জন্য একটি পরিবেশ তৈরি করা হবে বলেও বলেন তিনি। অপতথ্য রোধে সবাইকে সোচ্চার হতে এবং সাংবাদিকদের বস্তুনিষ্ঠ সংবাদ প্রকাশে সচেষ্ট থাকার আহ্বান জানান তথ্য প্রতিমন্ত্রী।(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২০.০৪.২০২৪ আসাদ)

**চলমান তাপ প্রবাহের কারণে দেশের শিক্ষা প্রতিষ্ঠানের ছুটি আরো এক সপ্তাহ বাড়িয়েছে সরকার**

রোববার দেশের শিক্ষা প্রতিষ্ঠান খোলার কথা থাকলেও চলমান তাপ প্রবাহের কারণে তা খুলছে না বরং আগামী ৭ দিন ছুটি ঘোষণা করেছে সরকার। মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর জানিয়েছে সারা দেশের উপর দিয়ে চলমান তাপদাহ ও আবহাওয়া দপ্তরের সতর্কতা জারির পরিপ্রেক্ষিতে মাউশি অধিদপ্তরের আওতাধীন সকল সরকারি ও বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান পূর্ব নির্ধারিতই ছুটি শেষে আগামী ২১শে এপ্রিল খোলার পরিবর্তে আগামী ২৮ তারিখ খুলবে। এদিকে প্রাথমিকে গণশিক্ষা মন্ত্রণালয়ের সিনিয়র তথ্য অফিসার মাহবুবুর রহমান গণমাধ্যমকে জানিয়েছেন তীব্র গরমের কারণে ২১ থেকে ২৭ এপ্রিল পর্যন্ত সব ধরনের সরকারি প্রাথমিক বিদ্যালয় বন্ধ থাকবে।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২০.০৪.২০২৪ আসাদ)

**চলতি বছর দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৪২.৬° সেলসিয়াস রেকর্ড করা হয়েছে আজ যশোরে**

মৌসুমের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে যশোরে। শনিবার বিকেলে ৪২.৬ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড করা হয় সেখানে। এ সময় ঢাকায় ৪০.৪ ডিগ্রি সেলসিয়াস তাপমাত্রা রেকর্ড করা হয়। আবহাওয়া অফিস থেকে এই তথ্য জানানো হয়েছে। আবহাওয়া অফিস জানায় বৃহস্পতিবার যশোরে তাপমাত্রা ছিল ৪০.৪ ডিগ্রি সেলসিয়াস। শনিবার গত কয়েকদিনের সব রেকর্ড ভেঙ্গে তাপমাত্রা ৪২.৬ ডিগ্রি সেলসিয়াস। এদিকে চুয়াডাঙ্গায় শনিবার বিকেল তিনটায় তাপমাত্রার পারদ উঠেছে ৪২.৩ ডিগ্রি সেলসিয়াসে। চলমান মৌসুমে এই এলাকার সর্বোচ্চ তাপমাত্রা এটি। শুক্রবার যশোরের সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড হয় ৪১.২ ডিগ্রি সেলসিয়াস। এর আগের দিন বৃহস্পতিবার তাপমাত্রা ছিল ৪০.৪ ডিগ্রি সেলসিয়াস।(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২০.০৪.২০২৪ আসাদ)

**চলমান তাপ প্রবাহ আরো আট দিন অব্যাহত থাকতে পারে : আবহাওয়া অধিদপ্তর**

আবহাওয়া নিয়ে কোন স্বস্তির খবর এখনই দিতে পারছে না আবহাওয়া অধিদপ্তর। তাপদাহ অব্যাহত থাকতে পারে আরো ৮ দিন। সেই সাথে আগামী এপ্রিল ও মে মাস জুড়েই এমন গরম পড়বে বলেও জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর। বাতাসে জলীয় বাষ্পের উপস্থিতি ক্রমশ বৃদ্ধির কারণে গরমের তাপমাত্রা বৃদ্ধি পাচ্ছে বলেও জানিয়েছেন আবহাওয়াবিদ সাহিনুল ইসলাম। তীব্র এই গরমের সময় দুপুর ১২ টা থেকে ৪ টা পর্যন্ত সবাইকে ঘরের বাইরে কম হওয়ার পরামর্শ দিয়েছেন এই আবহাওয়াবিদ। আপাতত বৃষ্টির কোন সম্ভাবনা না থাকলেও কালবৈশাখী ঝড় বা বজ্রসহ বৃষ্টি হলে সারাদেশের তাপমাত্রা কিছুটা কমার সম্ভাবনা রয়েছে বলে জানিয়েছে আবহাওয়া অধিদপ্তর।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২০.০৪.২০২৪ আসাদ)

**শিবনারায়ণ দাস কে কেন্দ্রীয় শহীদ মিনারে ফুল দিয়ে শ্রদ্ধা জানিয়েছেন সর্বস্তরের মানুষ**

বাংলাদেশ জাতীয় অপতাকার অন্যতম নকশাকার জাসদ নেতা বীর মুক্তিযোদ্ধা শিব নারায়ন দাস কে কেন্দ্রীয় শহীদ মিনারে ফুল দিয়ে শেষ বিদায় জানিয়েছেন সর্বস্তরের মানুষ। শনিবার সকাল সাড়ে দশটায় কেন্দ্রীয় শহীদ মিনার প্রাঙ্গনে শিবনারায়ণ দাসের কফিন নিয়ে আসা হয়। সেখানে প্রথমে রাষ্ট্রীয় সম্মাননা হিসেবে জেলা প্রশাসনের পক্ষ থেকে গার্ড অফ অনার দেয়া হয় তাকে । পরে সম্মিলিত সাংস্কৃতিক জোটের আয়োজনে বেলা বারোটা পর্যন্ত বিভিন্ন সংগঠন, প্রতিষ্ঠান ও সাংস্কৃতিক অঙ্গনে ব্যক্তিরা তাকে ফুল দেয়া শেষ শ্রদ্ধা জানান। শুক্রবার সকাল ৯ টা ২৫ মিনিটে বি এস এম এম ইউ এর আইসিইউতে মারা যান ৭৮ বছর বয়সী শিবনারায়ণ দাস।
(রেডিও টুডে:১৮৪৫ ঘ. ২০.০৪.২০২৪ আসাদ)

## জাগো এফএম

**খেলাধুলা মানুষের শারীরিক ও মানসিক শক্তি জোগায় : প্রধানমন্ত্রী**

খেলাধুলা ও শরীরচর্চার ওপর গুরুত্বারোপ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনা বলেছেন, 'যখনই সরকারে এসেছি তখনই চেষ্টা করেছি খেলাধুলার প্রতি আমাদের ছেলেমেয়েদের আরো বেশি অনুরাগী করতে। কারণ খেলাধুলা মানুষের শারীরিক ও মানসিক শক্তি দেয়। দেশপ্রেম শেখায়, আনুগত্য শেখায় এবং একই সঙ্গে দেশপ্রেমে উদ্বুদ্ধ করে।' শনিবার, ২০শে এপ্রিল বিকেলে রাজধানীর আর্মি স্টেডিয়ামে আয়োজিত পুরস্কার বিতরণ অনুষ্ঠানে তিনি এসব কথা বলেন। বঙ্গবন্ধু

গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট ২০২৩ এর চূড়ান্ত পর্যায়ের খেলা ও পুরস্কার বিতরণ হয় আজ। প্রধানমন্ত্রী বলেন, 'তিনি চান ছেলেমেয়েরা লেখাপড়ার পাশাপাশি খেলাধুলা, শরীরচর্চা, সাংস্কৃতিক চর্চার মধ্য দিয়ে উপযুক্ত নাগরিক হিসেবে গড়ে উঠবে।' সংশ্লিষ্টদের নির্দেশনা দিয়ে শেখ হাসিনা বলেন, 'খেলাধুলায় আমাদের ছেলেমেয়েরা যেন আরো বেশি আগ্রহী হয়ে অংশগ্রহণ করে, আমাদের দেশীয় খেলাধুলাও সমানভাবে সুযোগ দিতে হবে। কারণ দেশীয় খেলাগুলোর মধ্য দিয়ে আমাদের ছেলেমেয়েদের মেধা বিকাশের আরো সুযোগ হবে।'

তিনি বলেন, 'আজ আমাদের এই খেলাধুলার মধ্যে দিয়ে আমরা দেশকে এগিয়ে নিয়ে যেতে পারি। সারা বিশ্বের কাছে পরিচিত করতে পারি।' প্রধানমন্ত্রী আরো বলেন, 'আমাদের খুদে ফুটবল খেলোয়াড়রা যারা আজ এখান থেকে শুরু করলো, একদিন তারা আন্তর্জাতিক পর্যায়ে বাংলাদেশের জন্য আরো বেশি সম্মান বয়ে নিয়ে আসবে।' খেলাধুলা প্রসারে সরকারের বিভিন্ন কার্যক্রমের কথা তুলে ধরে শেখ হাসিনা বলেন, 'ছেলেমেয়েরা সারাবছর যেনো খেলাধুলা করতে পারে সেজন্য সরকার সব উপজেলায় একটি করে মিনি স্টেডিয়াম নির্মাণ করছে। এছাড়া প্রতিবন্ধী ও অটিস্টিকদের জন্য সুযোগ সৃষ্টি করছে।' এর আগে প্রধানমন্ত্রী ব্রাহ্মণবাড়িয়ার বাঞ্ছারামপুর মডেল সরকারি প্রাথমিক বিদ্যালয় এবং লালমনিরহাটের পাটগ্রাম টেপুরগাড়ি বি কে সরকারি প্রাথমিক বিদ্যালয়ের মধ্যকার ফাইনাল খেলার দ্বিতীয়ার্ধ উপভোগ করেন। বঙ্গমাতা শেখ ফজিলাতুন নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্টে চ্যাম্পিয়ন পাটগ্রাম টেপুরগাড়ি বি কে সরকারি প্রাথমিক বিদ্যালয়। অপর ম্যাচে বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্টের ফাইনালে রংপুরের মিঠাপুকুর তালিমগঞ্জ সরকারি প্রাথমিক বিদ্যালয়কে হারিয়ে চ্যাম্পিয়ন হয় জামালপুরের মাদারগঞ্জ চরগোলাবারি সরকারি প্রাথমিক বিদ্যালয়। প্রধানমন্ত্রী দুই টুর্নামেন্টের বিজয়ী ও রানার্সআপ দলের খেলোয়াড়দের মধ্যে পুরস্কার বিতরণ করেন। পুরস্কার বিতরণ অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী রুমানা আলী, প্রাথমিক ও গণশিক্ষা সচিব ফরিদ আহমেদ প্রমুখ। (জাগো এফএম ওয়েব পেজ : ২০.০৪.২০২৪ প্রতীক)

## প্রাণিসম্পদ প্রদর্শনীতে ব্রাহামা জাতের গরু দেখলেন প্রধানমন্ত্রী

প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনীতে সাদিক অ্যাগ্রোর স্টলে ব্রাহামা জাতের গরু ঘুরে দেখেছেন। এ সময় প্রধানমন্ত্রীকে অভ্যর্থনা জানান সাদিক অ্যাগ্রোর স্বত্বাধিকারী মোহাম্মদ ইমরান হোসেন। প্রধানমন্ত্রীর কাছে প্রতিষ্ঠানটির নানান অগ্রগতির কথা তুলে ধরেন ইমরান হোসেন। পাশাপাশি দেশে মাংসের উৎপাদন বাড়াতে ব্রাহামার মতো উন্নত জাত আনতে প্রধানমন্ত্রীর সহায়তা কামনা করেন। প্রধানমন্ত্রী সব ধরনের সহায়তার আশ্বাস দেন। এর আগে প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনীর উদ্‌বোধনী অনুষ্ঠানে মোহাম্মদ ইমরান হোসেনকে কাউবয় আখ্যা দিয়ে প্রধানমন্ত্রী বলেন, 'আমাদের সঙ্গে এখানে একজন কাউবয় এসেছেন। মোহাম্মদ ইমরান হোসেন, যিনি বাংলাদেশ ডেইরি ফার্মার্স অ্যাসোসিয়েশনের সভাপতি। আমি আপনাকে আন্তরিক ধন্যবাদ জানাই। তার এই পোশাক-পরিচ্ছদ ও শিক্ষাদীক্ষা দেখে আমাদের যুব সমাজ ডেইরি খাতে আসতে উৎসাহিত হবে। গরু পালনে যে শুধু রাখাল লাঠি নিয়ে যাবে তা নয়, সেখানে কিন্তু শিক্ষিত মানুষ, এ ধরনের আধুনিক পোশাক-পরিচ্ছদ পরে খামার চালাতে পারবে। এই উৎসাহটা দরকার।' মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ের আয়োজনে প্রাণিসম্পদ অধিদফতর ১৮ থেকে ২২শে এপ্রিল দেশব্যাপী প্রাণিসম্পদ সেবা সপ্তাহ ও প্রদর্শনীর আয়োজন করেছে। প্রাণিসম্পদ প্রদর্শনীর উদ্‌বোধনী অনুষ্ঠান হয়েছে গত বৃহস্পতিবার। বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রের পার্শ্ববর্তী পুরাতন বাণিজ্যমেলার মাঠে প্রধানমন্ত্রী শেখ হাসিনা প্রধান অতিথি হিসেবে উপস্থিত থেকে এ অনুষ্ঠান উদ্‌বোধন করেন। এরপর তিনি প্রদর্শনী ঘুরে দেখেন। (জাগো এফএম ওয়েব পেজ : ২০.০৪.২০২৪ প্রতীক)

## তৃণমূল পর্যায়ের নারীর ক্ষমতায়নকে এগিয়ে নেবে অপরাজিতারা : স্পিকার

জাতীয় সংসদের স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেছেন, 'অপরাজিতারা নারীর ক্ষমতায়নের উজ্জ্বল দৃষ্টান্ত। সংগ্রামী পথচলাই তাদের সফলতার চাবিকাঠি। অপরাজিতারা তৃণমূল পর্যায়ের নারীর ক্ষমতায়নকে এগিয়ে নিয়ে যাবে।' শনিবার, ২০শে এপ্রিল ঢাকার বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে জাতীয় অপরাজিতা সম্মেলনের উদ্‌বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত হয়ে তিনি এসব কথা বলেন। বাগেরহাট জেলা মহিলা সংস্থার চেয়ারম্যান ও বাগেরহাট জেলা অপরাজিতা নেটওয়ার্কের সভাপতি শরীফা খানমের সভাপতিত্বে খান ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক অ্যাডভোকেট রোকসানা খন্দকারের সঞ্চালনায় এ অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন দিনাজপুর জেলা অপরাজিতা নেটওয়ার্কের সদস্য জেসমিন আক্তার রিভা এবং হেলভেটাস বাংলাদেশের প্রকল্প পরিচালক প্রশান্ত ত্রিপুরা। বিশেষ অতিথি হিসেবে বক্তব্য রাখেন সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়ের সংসদীয় স্থায়ী কমিটির সভাপতি আসাদুজ্জামান নূর, আমাতুল কিবরিয়া কেয়া চৌধুরী, আরমা দত্ত, নাছিমা জামান ববি এবং সুইজারল্যান্ডের রাষ্ট্রদূত রেটো রেঙ্গলি। অনুষ্ঠানে ধন্যবাদ জ্ঞাপন করেন ঝালকাঠির উপজেলা ভাইস চেয়ারম্যান ও বরিশাল বিভাগীয় অপরাজিতা নেটওয়ার্কের সাধারণ সম্পাদক ইসরাত জাহান সোনালী। স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরী বলেন, 'প্রধানমন্ত্রী শেখ হাসিনা নারীদের এগিয়ে নিতে কার্যকর আইনগত মডেল ও পরিকল্পনা গ্রহণ করেছেন।

নারীদের প্রযুক্তিগত প্রশিক্ষণসহ বিভিন্ন প্রণোদনা দেওয়া হচ্ছে যেনো ডিজিটাল সুযোগ প্রাপ্তিতে কোনো ধরনের বৈষম্য তৈরি না হয়।' তিনি বলেন, 'জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ৭২ এর সংবিধানে নারীদের জন্য সংরক্ষিত

আসনের বিধান রেখেছিলেন। সংরক্ষিত আসনের সংখ্যা প্রধানমন্ত্রী শেখ হাসিনা ৫০ এ বৃদ্ধি করেছেন। নারীরা সরাসরি নির্বাচন এবং সংরক্ষিত আসনের মাধ্যমে সংসদ সদস্য হতে পারেন।' স্পিকার আরো বলেন, 'দেশের অর্ধেক জনগোষ্ঠী নারী। তাই এদেশে নারী ভোটারের সংখ্যাও বেশি। নারীর রাজনৈতিক ক্ষমতায়নে যা ইতিবাচক প্রভাব রাখতে পারে। রাজনৈতিক ক্ষমতায়নের জন্য নারীদের জনগণের আস্থা অর্জনের লক্ষ্যে তাদের সেবায় কাজ করতে হবে।

নারীর সহজাত বৃত্তির মাধ্যমেই নারীর ক্ষমতায়ন বিকশিত হয়। এভাবেই নারীরা ঘরে বাইরে দুই জায়গাতেই দক্ষতার সঙ্গে কাজ করছেন।' তিনি বলেন, 'অপরাজিতা নেটওয়ার্ক ৯ হাজার নারীর একটি সমন্বিত প্লাটফর্ম। নিজেদের মধ্যে যোগাযোগ, সৌহার্দ্য, সম্প্রীতি ও ঐক্য বজায় রেখে এই নেটওয়ার্ককে এগিয়ে যেতে হবে। তিনি বলেন, বিভিন্ন প্রশিক্ষণ দিয়ে এই নেটওয়ার্ক নারীদের দক্ষতা বৃদ্ধিতে কাজ করছে যা অত্যন্ত প্রশংসনীয়।' এসময় ১৬ জেলার ১৬ জন নারীকে অগ্রগামী অপরাজিতা হিসেবে এবং ইউনিয়ন পরিষদের সদস্যদের পথিকৃৎ অপরাজিতা হিসেবে সম্মাননা প্রদান করা হয়। জাতীয় অপরাজিতা সম্মেলনে দেশের ১৬টি জেলার ৩০০ জন অপরাজিতা, বিশিষ্ট নারী নেতৃবৃন্দ, আমন্ত্রিত অতিথিবৃন্দ, গণ্যমান্য ব্যক্তিবর্গসহ গণমাধ্যমকর্মীরা উপস্থিত ছিলেন।

(জাগো এফএম ওয়েব পেজ : ২০.০৪.২০২৪ প্রতীক)

## এমপি-মন্ত্রীর স্বজনদের স্থানীয় নির্বাচন থেকে সরে দাঁড়ানোর নির্দেশ দেওয়া হয়েছে : ওবায়দুল কাদের

স্থানীয় সরকার নির্বাচন থেকে এমপি মন্ত্রীদের আত্মীয়-স্বজনদের সরে দাঁড়ানোর নির্দেশ দেওয়া হয়েছে বলে জানিয়েছেন আওয়ামী লীগের সাধারণ সম্পাদক ওবায়দুল কাদের। তিনি আগামীতে এ বিষয়ে সতর্ক থাকারও আহ্বান জানান। শনিবার, ২০শে এপ্রিল দুপুরে দলীয় সভাপতির ধানমন্ডির কার্যালয়ে সাংবাদিকদের তিনি এসব কথা বলেন। এসময় বিএনপির সমালোচনা করে ওবায়দুল কাদের বলেন, 'জনগণের দল হিসেবে বিএনপি তার গ্রহণযোগ্যতা হারিয়েছে। তারা জনগণের কাছে না গিয়ে বিদেশিদের কাছে গিয়ে দেশের বিরুদ্ধে নালিশ করছে। বিএনপি নিজের কর্মকাণ্ডের জন্য তাদের রাজনৈতিক অবস্থান হারিয়ে সরকারের বিরুদ্ধে অবিরাম নালিশের রাজনীতি করে যাচ্ছে।' তিনি বলেন, 'আওয়ামী লীগের ধারাবাহিক ক্ষমতার কারণে দেশের উন্নয়নের ধারা অব্যাহত রয়েছে। একইভাবে সরকারের সাংবিধানিক ধারাবাহিকতার কারণেই অবৈধভাবে ক্ষমতা দখল কারো পক্ষে সম্ভব হয়নি।'

(জাগো এফএম ওয়েব পেজ : ২০.০৪.২০২৪ প্রতীক)

## ড্রিমলাইনারের কারিগরি ত্রুটির বিষয়ে আতঙ্কিত হওয়ার কিছু নেই : পর্যটনমন্ত্রী

ড্রিমলাইনার-৭৮৭ মডেলের উড়োজাহাজের কারিগরি ত্রুটির বিষয়ে প্লেন প্রস্তুতকারক কোম্পানি বোয়িংয়ের সঙ্গে কথা বলতে বিমান বাংলাদেশ এয়ারলাইন্স কর্তৃপক্ষকে নির্দেশ দিয়েছেন বেসামরিক বিমান পরিবহন ও পর্যটনমন্ত্রী মুহাম্মদ ফারুক খান। শনিবার, ২০শে এপ্রিল বিমানের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা শফিউল আজিমের সঙ্গে টেলিফোনে আলাপকালে তিনি এ নির্দেশনা দেন। প্লেন প্রস্তুতকারক কোম্পানি বোয়িংয়ের সাবেক প্রকৌশলীর পক্ষ থেকে উত্থাপিত ড্রিমলাইনারের কারিগরি ত্রুটির বিষয়ে বোয়িং কোম্পানির সঙ্গে দ্রুত কথা বলার জন্য এ নির্দেশ দেন তিনি। পর্যটনমন্ত্রী বলেন, 'বিমান বাংলাদেশ এয়ারলাইন্সের বহরে থাকা ড্রিমলাইনার উড়োজাহাজগুলো নতুন হওয়ায় আপাতত উত্থাপিত কারিগরি সমস্যা নিয়ে আমাদের আতঙ্কিত হওয়ার কিছু নেই। তবে ভবিষ্যতের কথা ভেবে এবং যাত্রী নিরাপত্তা নিশ্চিত করার স্বার্থে কারিগরি বিষয়গুলো নিয়ে উড়োজাহাজ প্রস্তুতকারক কোম্পানি বোয়িংয়ের সঙ্গে দ্রুত কথা বলে বিষয়টি পরিষ্কার হওয়া প্রয়োজন। কারণ বাংলাদেশ সরকার এবং বিমানের কাছে যাত্রীদের নিরাপত্তাই মুখ্য বিষয়।' এসময় বিমানের ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা জানান, কারিগরি ও রক্ষণাবেক্ষণ সংক্রান্ত বিষয়ে বোয়িংয়ের সঙ্গে বিমানের সার্বক্ষণিক যোগাযোগ বিদ্যমান।' দ্রুতই এ বিষয়ে অধিকতর তথ্য জেনে মন্ত্রীকে অবহিত করবেন। (জাগো এফএম ওয়েব পেজ : ২০.০৪.২০২৪ প্রতীক)

## অনিবন্ধিত অনলাইন পোর্টাল বন্ধ করে দেওয়া হবে : তথ্য প্রতিমন্ত্রী

দেশে প্রতিষ্ঠিত গণমাধ্যমের অনলাইন, অনলাইনের জন্য নিবন্ধিত এবং নিবন্ধন পেতে আবেদন করা অনলাইন গণমাধ্যম ছাড়া বাকি সব অনলাইন বন্ধ করার ঘোষণা দিয়েছেন তথ্য ও সম্প্রচার প্রতিমন্ত্রী মোহাম্মদ আলী আরাফাত। শনিবার, ২০শে এপ্রিল ঢাকা রিপোর্টার্স ইউনিটি, ডিআরইউ আয়োজিত মিট দ্যা রিপোর্টার্স অনুষ্ঠানে সাংবাদিকদের এক প্রশ্নের উত্তরে তিনি এ কথা বলেন। ডিআরই-এর যুগ্ম সাধারণ সম্পাদক মিজান রহমানের সঞ্চালনায় অনুষ্ঠানে সভাপতিত্ব করেন সংগঠনের সভাপতি সৈয়দ শুকুর আলী শুভ। প্রতিমন্ত্রী বলেন, 'দেশে একেবারে প্রতিষ্ঠিত গণমাধ্যমের ২১৩টি অনলাইন আছে। আর রেজিস্টার অনলাইন আছে ২১৩টি। অর্থাৎ মোট ৪২৬টি অনলাইন আছে। একইসঙ্গে যেগুলো দরখাস্ত করেছে, প্রক্রিয়াধীন আছে সবগুলোর লিস্ট করতে বলা হয়েছে। এর বাইরে যত অনলাইন নিউজ পোর্টাল আছে, সেগুলো আমরা সব বন্ধ করে দেব।' তিনি বলেন, দরখাস্ত করলে নিবন্ধন পাওয়ার আগ পর্যন্ত বন্ধ হবে না। কারণ নিবন্ধনের জন্য আবেদন করা অনলাইন কিভাবে চলছে সেটা দেখতে হবে।'

বর্তমান সরকারের ১০০ দিনে তথ্য প্রতিমন্ত্রী কতোটা সফল? এমন এক প্রশ্নের উত্তরে তিনি বলেন, '১০০ দিন খুবই অল্প সময়, বড় রকমের সফলতা দাবি করার জন্য। অনেক কাজ এগিয়েছে, কাজ যখন প্রক্রিয়াধীন থাকে সেটাকে প্রকাশ করা যায় না, ফলাফলটা যখন আসবে তখন করা যাবে। প্রতিমন্ত্রী বলেন, 'মুক্তিযুদ্ধের অঙ্গীকারমুক্ত গণমাধ্যম, সাংবাদিকতার চমৎকার পরিবেশ এবং মত প্রকাশের স্বাধীনতার জন্য যা যা উপকরণ লাগে সেই বিষয়গুলোকে নিশ্চিত

করতে চাই। আর মৌলবাদ, জঙ্গীবাদ, সাম্প্রদায়িকতা এবং মুক্তিযুদ্ধের চেতনার বিরুদ্ধে যাদের অবস্থান, তারাই অপতথ্যের ওপর ভর করে অপরাজনীতি করে।' তিনি বলেন, 'তথ্য প্রবাহকে অবারিত করতে চাই।

তথ্য অধিকার আইন শেখ হাসিনার আমলেই সংসদে পাশ হয়েছে। তথ্য পাওয়ার অধিকার আইনগতভাবে নিশ্চিত করা হয়েছে সেটাকে বাস্তবে আমরা আরো বেশি নিশ্চিত করতে চাই। রাষ্ট্র পরিচালনায় যারা আছেন তাদের অনেকের তথ্য সরবরাহে কিছুটা অনীহা আছে। তথ্য সম্প্রচার মন্ত্রনালয়ের পক্ষ থেকে আমরা একটা বার্তা দিয়েছি, প্রশাসনের বিভিন্ন স্তরে। আমরা চাচ্ছি তথ্য অধিকার আইনকে আরো সুদৃঢ় করার জন্য। তথ্য যদি চাওয়া হয় তবে তথ্য দিতে হবে।' তিনি বলেন,'জনগণের তথ্য পাওয়ার অধিকার আছে। এই তথ্য দেওয়ার বিষয়টি আমাদের ক্ষেত্রেও বাধ্যতামূলক। এটাকে জাগ্রত করার চেষ্টা করছি প্রশাসনের প্রত্যেকটি স্তরে। যদি তথ্য না থাকে তখনই অপপ্রচারের সুযোগ তৈরি হয়। কাজেই কিছু প্রশাসনিক পরিবর্তন আনার চেষ্টা করছি, মন্ত্রণালয়ের পক্ষ থেকে। যেনো খুবই অল্প সময়ের মধ্যে সাংবাদিকদের কাছে তথ্য পৌঁছাতে পারি এবং আপনারা জনগণের কাছে পৌঁছাতে পারেন।' প্রতিমন্ত্রী বলেন, 'একই ভাবে তথ্যের বিপরীতে অপতথ্য সমাজকে ধংসের দ্বারপ্রান্তে নিয়ে যায়। তাই সবাই মিলে কিভাবে তথ্যের অবাধ প্রবাহকে আরো সুনিশ্চিত করতে পারি এবং এটি করতে গিয়ে আমি যেটা চিন্তা করি অপতথ্যকে রোধ করতে হবে। সাংবাদিকতার মধ্যে যারা পেশাদারিত্বের বাইরে গিয়ে অপসাংবাদিকতা করার চেষ্টা করে, আসল সাংবাদিকতাকে তারা সবচেয়ে বেশি প্রশ্নবিদ্ধ করে।' আরাফাত বলেন, 'সমাজে অপশক্তি আছে যারা বাংলাদেশের স্বাধীনতাকে মেনে নিতে পারেনি। অসাম্প্রদায়িক গণতান্ত্রিক মুল্যবোধের সমাজের বিপরীতে তারা একটি অন্ধকারের সমাজ তৈরি করতে চায়। জঙ্গিবাদ মৌলবাদের সমাজ তৈরি করতে চায়। এই অপশক্তির সঙ্গে আমাদের নিরন্তর লড়াই। এই লড়াই করতে গিয়ে অনেক ক্ষেত্রেই মুক্তিযুদ্ধের চেতনার বাংলাদেশ বাস্তবায়ন, অর্থাৎ মুক্ত গণতন্ত্র, মুক্ত গণমাধ্যম, অবাধ মত প্রকাশের স্বাধীনতা অর্জন করতে গিয়ে কখনো কখনো হোচট খেয়েছি। ক্লাইমেট ঝুঁকির চেয়ে বেশি ঝুঁকি হচ্ছে অপতথ্যের ঝুঁকি। স্যোসাল মিডিয়া বিশেষ করে এখানে কোনো ধরনের নীতিমালা না থাকার কারণে এই অপতথ্যের বিস্তার ঘটছে।' তিনি বলেন, 'মূলধারার গণমাধ্যমে একটা নীতিমালা আছে। কিন্তু সামাজিক যোগাযোগ মাধ্যমে কোনো নীতিমালা না থাকার কারণে এর ডালপালা বিস্তৃত হচ্ছে। সেইখানে আমরা একটা নীতিমালার আওতায় আনতে চাচ্ছি। মিথ্যা খবর কোনো ভাবে সমাজের কল্যাণ আনতে পারে না। এখানে সবাই একমত। আমরা কিন্তু বলছি না সরকারের পক্ষে বা আওয়ামী লীগের পক্ষে হোক, খবর সত্য হোক সেটা সরকার বা আওয়ামী লীগের পক্ষে-বিপক্ষে যাক।'

(জাগো এফএম ওয়েব পেজ : ২০.০৪.২০২৪ প্রতীক)

## শিক্ষার্থীদের জ্ঞান-বিজ্ঞানে এগিয়ে যেতে আহ্বান আইজিপির

কঠোর পরিশ্রম ও নিরলস প্রচেষ্টার মাধ্যমে জ্ঞান-বিজ্ঞানে এগিয়ে যাওয়ার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানিয়েছেন পুলিশ মহাপরিদর্শক, আইজিপি ও বাংলাদেশ অবসরপ্রাপ্ত পুলিশ অফিসার্স কল্যাণ সমিতির প্রধান পৃষ্ঠপোষক চৌধুরী আবদুল্লাহ আল-মামুন। শনিবার, ২০শে এপ্রিল রাজধানীর রাজারবাগে বাংলাদেশ অবসরপ্রাপ্ত পুলিশ অফিসার্স কল্যাণ সমিতি কমপ্লেক্স সেমিনার হলে সমিতির উদ্যোগে আইজিপি মেধাবৃত্তি প্রদান অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এ আহ্বান জানান তিনি। বাংলাদেশ অবসরপ্রাপ্ত পুলিশ অফিসার্স কল্যাণ সমিতির সভাপতি বীর মুক্তিযোদ্ধা আহমেদুল হক চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি ছিলেন কমিউনিটি ব্যাংক বাংলাদেশ পিএলসির ব্যবস্থাপনা পরিচালক ও সিইও মশিউল হক চৌধুরী। অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে সমিতির সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা ওয়ালিউর রহমান, অতিরিক্ত আইজিপি আবু হাসান মুহম্মদ তারিক, ডিএমপি কমিশনার হাবিবুর রহমান প্রমুখ বক্তব্য দেন। ধন্যবাদ জ্ঞাপন করেন সমিতির সহ-সভাপতি বীর মুক্তিযোদ্ধা মোঃ নাজমুল হক। এসময় সমিতির সদস্য, শিক্ষক এবং শিক্ষার্থীরা উপস্থিত ছিলেন। বৃত্তিপ্রাপ্ত মেধাবী শিক্ষার্থীদের স্বাগত জানিয়ে আইজিপি বলেন, 'জ্ঞানার্জনের পাশাপাশি তোমাদের দেশ ও জনগণের কল্যাণে কাজ করতে হবে। নিজের শিক্ষাপ্রতিষ্ঠান, পরিবার সর্বোপরি দেশের সুনাম বাড়াতে হবে।' আইজিপি বলেন, 'আন্তর্জাতিক অঙ্গনেও তোমাদের মেধার সাক্ষর রেখে দেশের সুনাম ও মর্যাদা বাড়াতে হবে।' তিনি বঙ্গবন্ধুর সোনার বাংলা এবং প্রধানমন্ত্রী ঘোষিত উন্নত-সমৃদ্ধ স্মার্ট বাংলাদেশ গড়ার অন্যতম অভিযাত্রী হিসেবে কাজ করার জন্য শিক্ষার্থীদের প্রতি আহ্বান জানান। অবসরপ্রাপ্ত পুলিশ অফিসারদের প্রতি কৃতজ্ঞতা ও ধন্যবাদ জানিয়ে আইজিপি বলেন, 'আপনারা কর্মজীবনে নানা প্রতিকূল পরিস্থিতি ও চ্যালেঞ্জ মোকাবিলা করে দেশের আইনশৃঙ্খলা স্বাভাবিক রাখতে সাহসিকতার সঙ্গে দায়িত্ব পালন করেছেন। আমরাও আপনাদের অভিজ্ঞতাকে কাজে লাগিয়ে জঙ্গিবাদ, সন্ত্রাসবাদ দমন এবং সুষ্ঠু আইনশৃঙ্খলা বজায় রাখতে সর্বোচ্চ পেশাদারিত্ব ও আন্তরিকতার সঙ্গে দায়িত্ব পালন করছি।'

তিনি দেশ ও জনগণের কল্যাণে সমিতিকে আরো মানবিক ও সামাজিক উদ্যোগ নেওয়ার আহ্বান জানান। সমিতির উদ্যোগে বাংলাদেশ পুলিশ পরিচালিত স্কুল ও কলেজের শিক্ষার্থীদের মধ্যে ২০২৩ সালে এসএসসি ও এইচএসসি পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্ত শিক্ষার্থীদের আইজিপি শিক্ষাবৃত্তি দেওয়া হয়। অনুষ্ঠানে ঢাকা মহানগর এবং গাজীপুর ও নারায়ণগঞ্জ জেলার ৫টি শিক্ষাপ্রতিষ্ঠানের ৬৬ জন শিক্ষার্থীকে শিক্ষাবৃত্তি, ক্রেস্ট ও সনদপত্র দেওয়া হয়। পরে আইজিপি শিক্ষার্থীদের হাতে মেধাবৃত্তি ও সনদপত্র তুলে দেন। (জাগো এফএম ওয়েব পেজ : ২০.০৪.২০২৪ প্রতীক)

## শাসকগোষ্ঠী আরও তীব্রমাত্রায় হিংস্র হয়ে উঠেছে : মির্জা ফখরুল

ডামি নির্বাচনের মাধ্যমে ক্ষমতা দখল করে আওয়ামী শাসকগোষ্ঠী এখন আরো তীব্রমাত্রায় হিংস্র হয়ে উঠেছে বলে অভিযোগ করেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। তিনি বলেন, 'মিথ্যাচার, ভয়ভীতি প্রদর্শন ও অপকৌশলের মাধ্যমে অবৈধ রাষ্ট্রক্ষমতা টিকিয়ে রাখতে বিএনপি এবং এর অঙ্গ ও সহযোগী সংগঠনসহ গণতন্ত্রমনা বিরোধীদল, ভিন্নমত ও পথের মানুষদের ওপর নিষ্ঠুর দমন-পীড়ন চালানো হচ্ছে অব্যাহতভাবে।' শনিবার, ২০শে এপ্রিল এক বিবৃতিতে এসব কথা বলেন বিএনপি মহাসচিব। বিএনপির জাতীয় নির্বাহী কমিটির সহ-যুব বিষয়ক সম্পাদক মীর নেওয়াজ আলী নেওয়াজের জামিন না'মঞ্জুর করে কারাগারে পাঠানোর ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করে এ বিবৃতি দেন তিনি। বিবৃতিতে বিএনপি মহাসচিব বলেন, 'মিথ্যা ও বানোয়াট মামলায় সাজা দেওয়াসহ জামিন না'মঞ্জুর করে বিরোধী নেতা-কর্মীদের কারাগারে পাঠানোর মাধ্যমে দখলদার আওয়ামী সরকার দেশে নব্য বাকশালী শাসন কায়েম করেছে। মীর নেওয়াজ আলী নেওয়াজের জামিন না'মঞ্জুর করে কারাগারে পাঠানোর ঘটনা আওয়ামী জুলুমেরই আরেকটি বর্ধিত প্রকাশ।' তিনি বলেন, 'সারাদেশে প্রতিনিয়ত সরকারের মদতে মিথ্যা ও বানোয়াট মামলায় বিরোধী নেতা-কর্মীদের সাজা দেওয়াসহ জামিন না'মঞ্জুরের মাধ্যমে কারান্তরীণ করার ঘটনায় আমি গভীর উদ্বেগ প্রকাশ করছি। মীর নেওয়াজ আলী নেওয়াজের সাজা বাতিলসহ তার বিরুদ্ধে দায়ের মিথ্যা মামলা প্রত্যাহার ও অবিলম্বে নিঃশর্ত মুক্তির জোর আহ্বান জানাচ্ছি।' (জাগো এফএম ওয়েব পেজ : ২০.০৪.২০২৪ প্রতীক)

## চুয়াডাঙ্গায় তাপমাত্রা ৪২ দশমিক ৩, হিট স্ট্রোকে কৃষকের মৃত্যু

চুয়াডাঙ্গায় হিট স্ট্রোকে জাকির হোসেন, ৩৩ নামের এক কৃষকের মৃত্যু হয়েছে। শনিবার, ২০শে এপ্রিল সকালে তিনি মাঠে গেলে হিট স্ট্রোকে আক্রান্ত হন। পরে হাসপাতালে নেওয়ার পথে মারা যান।আজ বিকেল ৩টায় চুয়াডাঙ্গায় সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয়েছে ৪২ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস। যা চলতি মৌসুমে দেশের সর্বোচ্চ তাপমাত্রা। এসময় বাতাসের আর্দ্রতা ছিল ১৮ শতাংশ।জাকির হোসেন দামুড়হুদা উপজেলার দর্শনা থানার সীমান্ত সংলগ্ন ঠাকুরপুর গ্রামের আমির হোসেন ছেলে। তিনি পেশায় ঠাকুরপুর মাধ্যমিক বিদ্যালয়ের দফতরি ছিলেন। জাকির হোসেনের বাবা আমির হোসেন ও দর্শনা থানার ওসি বিপ্লব কুমার সাহা বিষয়টি নিশ্চিত করেন। আমির হোসেন বলেন, 'তীব্র গরমে মাঠের ধান মরার মতো অবস্থা। ধানের জমিতে সেচ দেওয়ার জন্য সকাল ৮টার দিকে মাঠে যায় জাকির হোসেন। মাঠে যাওয়ার ঘণ্টাখানেক পর খবর পাই ছেলে স্ট্রোক করেছে। মাঠের অন্য কৃষকরা ছেলেকে উদ্ধার করে দামুড়হুদা উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে যাচ্ছিলেন। পথেই সে মারা যায়।' কয়েকদিন ধরেই চুয়াডাঙ্গার ওপর দিয়ে তীব্র তাপপ্রবাহ অব্যাহত রয়েছে। বৈশাখের তাপমাত্রার পারদ দিন দিন উর্ধ্বগামী হচ্ছে। এবার তীব্র তাপপ্রবাহ থেকে অতি তীব্র তাপপ্রবাহ শুরু হয়েছে এ জেলায়। শনিবার বিকেল ৩টা সর্বোচ্চ তাপমাত্রা রেকর্ড করা হয় ৪২ দশমিক ৩ ডিগ্রি সেলসিয়াস। যা চলতি মৌসুমে দেশের সর্বোচ্চ তাপমাত্রা। এসময় বাতাসের আর্দ্রতা ছিল ১৮ শতাংশ। স্থানীয় আবহাওয়া অফিস বলছে, বৃষ্টি না হওয়া পর্যন্ত এ তাপপ্রবাহ অব্যাহত থাকবে।

(জাগো এফএম ওয়েব পেজ : ২০.০৪.২০২৪ প্রতীক)

## দ্বিতীয় সাবমেরিন ক্যাবল বন্ধ, সারাদেশে ইন্টারনেটে ধীরগতি

দেশের দ্বিতীয় সাবমেরিন ক্যাবল, সিমিউই-৫ এর সংযোগ সরবরাহ বন্ধ রয়েছে। এতে ইন্টারনেট সেবা ব্যাহত হচ্ছে। সিঙ্গাপুরে ফাইবার ক্যাবল ব্রেক করায় এ পরিস্থিতি তৈরি হয়েছে। শুক্রবার, ১৯শে এপ্রিল দিনগত রাত ১২টার পর এ সমস্যা শুরু হয়। ইন্টারনেট সেবাদাতা প্রতিষ্ঠান ও গ্রাহকরা ইন্টারনেটের এ ধীরগতি পাওয়ার কথা জানিয়েছেন। রাষ্ট্রায়ত্ত ব্যান্ডউইথ সরবরাহকারী প্রতিষ্ঠান বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসিও এ তথ্যের সত্যতা নিশ্চিত করেছে। বাংলাদেশ সাবমেরিন ক্যাবলস পিএলসির ব্যবস্থাপনা পরিচালক মির্জা কামাল আহমেদ বলেন, 'সিমিউই-৫ দিয়ে দেশে ১ হাজার ৬০০ জিবিপিএস ব্যান্ডউইথ সরবরাহ হয়। এর পুরোটাই এখন বন্ধ আছে। আমরা চেষ্টা করছি সিমিউই-৪ অর্থাৎ প্রথম সাবমেরিন ক্যাবল দিয়ে বিকল্প ব্যবস্থা করতে।' তিনি বলেন, 'সিঙ্গাপুরে ফাইবার ক্যাবল ব্রেক করায় বাংলাদেশের পাশাপাশি আরো কয়েকটি দেশে একই অবস্থা তৈরি হয়েছে। শনিবার বিকেলের মধ্যে জানা যাবে, এটা কবে নাগাদ স্বাভাবিক হবে।' ইন্টারনেট সার্ভিস প্রোভাইডারস অ্যাসোসিয়েশন অব বাংলাদেশের সভাপতি ইমদাদুল হক বলেন, 'গ্রাহকরা আমাদেরকে ফোন করে ইন্টারনেটে ধীরগতির অভিযোগ করছেন। আমরা তাদেরকে বিষয়টি বোঝানোর চেষ্টা করছি।' (জাগো এফএম ওয়েব পেজ : ২০.০৪.২০২৪ প্রতীক)

## সোনার দাম কমলো

রেকর্ড দাম নির্ধারণের দুইদিনের মাথায় দেশের বাজারে সোনার দাম কিছুটা কমানো হয়েছে। সব থেকে ভালো মানের বা ২২ ক্যারেটের এক ভরি সোনা দাম ৮৪০ টাকা কমিয়ে নতুন দাম নির্ধারণ করা হয়েছে। এতে ভালো মানের এক ভরি সোনার দাম নির্ধারণ করা হয়েছে ১ লাখ ১৮ হাজার ৭৯৮ টাকা। স্থানীয় বাজারে তেজাবী সোনার দাম কমার পরিপ্রেক্ষিতে এ দাম কমানো হয়েছে। শনিবার ২০শে এপ্রিল বিকেল সাড়ে ৩টা থেকে এ দাম কার্যকর করা হবে বলে জানিয়েছে বাংলাদেশ জুয়েলার্স অ্যাসোসিয়েশন, বাজুস। এর আগে ১৮ই এপ্রিল ঘোষণা দিয়ে ওই দিন থেকে ভালো মানের এক ভরি সোনার দাম ১ লাখ ১৯ হাজার ৬৩৮ টাকা নির্ধারণ করা হয়। এতে অতীতের সব রেকর্ড ভেঙে সোনার

সর্বোচ্চ দামের নতুন রেকর্ড সৃষ্টি হয়। এ রেকর্ড দাম নির্ধারণের দুইদিনের মাথায় এখন কিছুটা কমানো হলো। শনিবার বাজুস স্ট্যান্ডিং কমিটি অন প্রাইসিং এ্যান্ড প্রাইস মনিটরিং কমিটি বৈঠক করে দাম কমানোর সিদ্ধান্ত নিয়েছে। পরবর্তীতে কমিটির চেয়ারম্যান মাসুদুর রহমান সই করা এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়েছে। এতে বলা হয়েছে, স্থানীয় বাজারে তেজাবী সোনার দাম কমেছে। তাই সার্বিক পরিস্থিতি বিবেচনায় বাজুস সোনার নতুন দাম নির্ধারণ করেছে, যা শনিবার বিকেল সাড়ে ৩টা থেকে কার্যকর হবে। (জাগো এফএম ওয়েব পেজ : ২০.০৪.২০২৪ প্রতীক)

# BBC

**MAN WHO SET FIRE TO HIMSELF NEAR TRUMP TRIAL DIES**

A man who set himself on fire outside the Manhattan court where former President Donald Trump's hush-money trial is being held has died. Maxwell Azzarello, 37, doused himself in a liquid before throwing conspiracy-theory pamphlets into the air. It happened as the jury selection for Mr Trump's trial was completed. He was taken to hospital on Friday in critical condition, where the later died, CBS News - the BBC's partner - confirmed.
(BBC Web Page: 20/04/24, FARUK)

**EXPLOSION HITS IRAQ BASE HOUSING PRO-IRANIAN MILITIA**

A military bas in Iraq housing a pro-Iranian militia has been damaged in an explosion, killing one and wounding eight, security officials there have said. Iraq's military reported no drones or fighter jets in the area before or during the blast, and the US said it was not involved. Meanwhile the militia, the Popular Mobilization Forces, blamed an attack. It comes amid heightened tensions between Israel and Iran. The long-running confrontation between the rival countries has moved into a new phase, with a presumed Israeli attack carried out near the Iranian city of Isfahan early on Friday morning. (BBC Web Page: 20/04/24, FARUK)

**US CONGRESS CLOSE TO PASSING LONG-AWAiTED UKRAINE AID**

After months of delay, the US House of Representatives is poised to hold a vote on tens of billions of dollars in American military aid for Ukraine and Israel this weekend. Both measures have vocal opponents in Congress, however, and their hopes of passage have hinged on a fragile bipartisan coalition to overcome daunting procedural and legislative obstacles. Speaker of the House Mike Johnson has said he is determined to bring the matter to a vote, even if it may put his hold on power in jeopardy.
(BBC Web Page: 20/04/24, FARUK)

**US AGREES TO PULL TROOPS OUT OF NIGER**

All US soldiers are set to leave Niger, ending their role in the fight against Islamist insurgents. Military leaders in the West African nation have sought closer ties with Russia since seizing power in a coup last year. On Friday the US also announced than it had agreed to close down its drone base near Agadez, in the Sahara desert. Niger is in Africa's Sahel region, which is considered the new global epicenter of the Islamic State group. The US has relied on Niger as its primary base for monitoring regional jihadist activity. An American delegation is to head within days to Niger's capital, Niamey, to arrange an orderly withdrawal of its more than 1,000 troops. (BBC Web Page: 20/04/24, FARUK)

**NATO PLEDGES MORE ADVANCED AIR DEFENCES TO UKRAINE**

NATO will give Ukraine more advanced air defences after urgent Kyiv pleas and deadly Russian attacks, military bloc head Jens Stoltenberg has said. His comments come after a crisis Nato-Ukraine summit on Friday. Ukrainian President Volodymyr Zelensky said Kyiv needed "seven more Patriots or similar air defence systems " to defend the country's cities. Seven people, including two children, were killed in Russian missile strikes on Friday, Ukrainian officials said. (BBC Web Page: 20/04/24, FARUK)

**TEN MILITANTS KILLED IN WEST BANK RAID: ISRAELI ARMY**

Israeli troops and Palestinian militants have been exchanging fire for a second day of an Israeli raid in Nur Shams refugee camp in the West Bank. A number of people have been killed, including ten militants, according to the Israeli army. Palestinian sources say that at least five people have been killed, including a child. At least four Israeli soldiers have reportedly been wounded. (BBC Web Page: 20/04/24, FARUK)

**TOGO PASSES LAWS REMOVING PRESIDENT'S TERM LIMITS**

Togo's parliament has given final approval to a new constitution extending the president's term, after critics denounced the move as a coup. The West African country will move from a presidential to a parliamentary system. President Faure Gnassingbe's supporters argue the changes reduce his powers by transforming the presidency into a ceremonial role. But the

opposition said the reforms remove limits on his stay in office. Their removal would enable him to remain president until 2031, they said, after which he could be appointed to the new position of "president of the council of ministers" - in effect prime minister - continuing his family's 57-year rule. (BBC Web Page: 20/04/23, FARUK)

**IRAN'S RESPONSE WILL BE IMMEDIATE IF ISRAEL ATTACKS**

Iran's Foreign Minister Hossein Amirabdllahian said Iran would give an immediate response if there was a significant attack from Israel. In an interview with NBC News on Friday, Amirabdllahian said if Israel acts against Iran's interests, his country's "next response will be immediate and will be at the maximum level ". Amirabdllahian downplayed the presumed Israeli drone attack on Isfahan in central Iran, questioning whether Israel was involved. He said the mini-drones were "like toys our children play with".
(BBC Web Page: 20/04/24, FARUK)

**CLASHES BREAK OUT AT THAI-MYANMAR BORDER**

Fighting has broken out between the Myanmar military and armed ethnic groups near a vital trade hub near the Thai border, according to Thailand's government and media reports. Witnesses on the Thai and Myanmar sides of the border also reported that they heard explosions and heavy machine-gun fire near a strategic bridge from late Friday that continued into early Saturday. Fighters from the Karen National Union (KNU), the ethnic armed group that has been leading the attack on Myawaddy, last week captured the last of the Myanmar army's outposts in and around the border town that is connected to Thailand by two bridges across the Moei River. (BBC Web Page: 20/04/24, FARUK)

**NORTH KOREA CONDUCTS TEST ON NEW SUPER-LARGE WARHEAD**

North Korea has conducted a test on a "super-large warhead" designed for a strategic cruise missile, state media reports, adding that it also launched a new type of anti-aircraft missile. "The DPRK Missile Administration has conducted a power test of a super-large warhead designed for 'Hwasal-1 Ra-3' strategic cruise missile", KCNA news agency reported on Saturday, referring to North Korea by an abbreviation for its official name - Democratic People's Republic of Korea. North Korea also carried out a test launch on Friday afternoon of a "Pyoljji-1-2", which state media said was a "new type anti-aircraft missile".
(BBC Web Page: 20/04/24, FARUK)

**::--:: THE END ::--::**